

প্রশ্নের প্যাটার্ন

দেওয়ানি মামলা সংক্রান্ত আইন

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান ১০০

[বাংলা অথবা ইংরেজি যে-কোনো একটি ভাষায় উত্তর দিতে হবে; তবে টেকনিক্যাল শব্দগুলো যে-কোনো ভাষায় লেখা যাবে]

‘ক’ অংশ

যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর লিখতে হবে; ৩×২০=৬০ মার্কস।

Code of Civil Procedure, 1908

Specific Relief Act, 1877

৬০ মার্কস

[CPC থেকে ৪টি + SR থেকে ১টি; মোট ৫টি প্রশ্ন থেকে ৩টি প্রশ্নের উত্তর করতে হবে]

‘খ’ অংশ

যে-কোনো ২টি প্রশ্নের উত্তর লিখতে হবে; ২×২০=৪০ মার্কস।

Limitation Act, 1908

Civil Courts Act, 1887

৪০ মার্কস

বিকল্প বিরোধ নিষ্পত্তির ধারণা ও এতৎসংক্রান্ত আইন....

[Civil Courts Act থেকে ১টি + Limitation Act থেকে ১টি + ADR থেকে ১টি; মোট ৩টি প্রশ্ন থেকে ২টি প্রশ্নের উত্তর করতে হবে]

The Code of Civil Procedure, 1908

১৮শ বিজেএস পরীক্ষা, ২০২৫

‘ক’ অংশ: যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন (৩×২০=৬০)

০১. (ক) “আদালতের এখতিয়ার কোনো বিষয়ে বিচারকার্যের মূলভিত্তি এবং আদালতের যদি এখতিয়ার না থাকে, তবে সমগ্র কার্যক্রমই বাতিলযোগ্য হয়ে পড়ে।”-উপর্যুক্ত ধারণাটি দেওয়ানি আদালতের এখতিয়ার নির্ধারণকারী The Code of Civil Procedure, 1908 এর প্রাসঙ্গিক বিধানের আলোকে আলোচনা করুন। ৮
- (খ) বিশেষ আইনে অন্তর্ভুক্ত এখতিয়ার বারিত ধারা (exclusion/ouster clause) আদালত কীভাবে ব্যাখ্যা করেন? ৭
- (গ) জনাব রহমান, একজন সরকারি কর্মচারী, বিভাগীয় পদোন্নতি কমিটির দ্বারা তার পদোন্নতি না দেওয়ার সিদ্ধান্তকে অবৈধ ঘোষণার জন্য এবং একই সঙ্গে কর্তৃপক্ষের কথিত অসৎ-উদ্দেশ্যপ্রসূত (mala fide) কর্মকাণ্ডের কারণে ক্ষতিপূরণ দাবি করে একটি দেওয়ানি মোকদ্দমা দায়ের করেন। সরকার আপত্তি উত্থাপন করেন যে, বিরোধটি চাকরির শর্তাবলির সঙ্গে সংশ্লিষ্ট যা একান্তভাবেই প্রশাসনিক ট্রাইব্যুনালের এখতিয়ারের মধ্যে পড়ে; ফলে দেওয়ানি আদালতের এখতিয়ার এখানে আদৌ প্রযোজ্য নয়। অপরদিকে, রহমান এ মর্মে যুক্তি দেন যে, অসৎ উদ্দেশ্য ও আইনগত ক্ষমতার অপব্যবহারের ভিত্তিতে যে টর্টজনিত ক্ষতিপূরণ দাবি করা হয়েছে, তা প্রশাসনিক ট্রাইব্যুনালের ক্ষমতার বাইরে। যুক্তিসহ পরামর্শ দিন, এই ক্ষেত্রে দেওয়ানি আদালতের এখতিয়ার আছে কি না। ৫
০২. (ক) The Code of Civil Procedure, 1908 এর ধারা ১০ প্রয়োগের জন্য কী কী শর্ত পূরণ করতে হয়? ৮
- (খ) একটি দেওয়ানি মামলায় (Suit A), বাদী X বনাম বিবাদী Y-এর মধ্যে সম্পত্তি সংক্রান্ত বিরোধে আদালত মোকদ্দমাটি খারিজ করে ইতোমধ্যে রায় প্রদান করেছেন। পরবর্তীতে, বাদী X একই সম্পত্তির মালিকানা নিয়ে আবার একটি নতুন মামলা (Suit B) দায়ের করেন যেখানে তিনি দাবি করেন যে, তার কাছে নতুন প্রমাণ রয়েছে যা পূর্ববর্তী মামলায় উপস্থাপন করা হয়নি। The Code of Civil Procedure, 1908 এর ধারা ১০ অনুযায়ী আদালতের Suit B স্থগিত করা উচিত হবে কি না এবং পূর্ববর্তী রায়ের কারণে বাদী X-এর Suit B চালিয়ে যাবার ক্ষেত্রে যে আইনগত প্রভাব পড়বে তা আলোচনা করুন। ৬
- (গ) মামলার অনুরূপ বিচার (analogous trial) এবং মামলার একত্রীকরণ (consolidation of suits)-এর মধ্যে পার্থক্য নিরূপণ করুন। এগুলো পরস্পর-বিরোধী নাকি পরিপূরক প্রতিকার? ৬
০৩. (ক) The Code of Civil Procedure, 1908 এর প্রাসঙ্গিক বিধানের আলোকে দেওয়ানি মোকদ্দমায় আদালতের পক্ষ সংযোজন বা বাদ দেওয়ার ক্ষমতার পরিসর বিশ্লেষণ করুন। এই বিবেচনামূলক ক্ষমতা প্রয়োগে কী কী নীতিমালা অনুসৃত হয়? ৮
- (খ) দেওয়ানি মোকদ্দমায় পক্ষদের ট্রান্সপোজিশনের আইনি ভিত্তি ব্যাখ্যা করুন। কোন পরিস্থিতিতে ট্রান্সপোজিশন যুক্তিযুক্ত হয় এবং এটি কীভাবে নতুন পক্ষ সংযোজন থেকে ধারণাগতভাবে ভিন্ন? ৭
- (গ) Z, জমি বিক্রয়ের চুক্তির সুনির্দিষ্ট বাস্তবায়নের উদ্দেশ্যে B-এর বিরুদ্ধে একটি মামলা দায়ের করেন। মামলা চলাকালে B সম্পত্তি C -এর অনুকূলে হস্তান্তর করেন। মামলার বিষয়ে পূর্বে অবগত ছিলেন না এবং নিজেকে সৎ ক্রেতা (bona fide purchaser without knowledge) দাবি করে C মামলায় বিবাদী শ্রেণিভুক্ত হওয়ার প্রার্থনা করেন। অন্যদিকে, Z ‘lis pendens’ নীতির কথা উল্লেখ করে C এর পক্ষভুক্তির আবেদনের বিরোধিতা করেন। আদালতকে কারণসহ পরামর্শ দিন- C, যিনি মামলা চলাকালীন সময়ে সম্পত্তি ক্রয় করেছেন (transferee pendente lite), তাকে কি মামলার পক্ষ হিসেবে যুক্ত করা সমীচীন এবং তিনি আবশ্যিকীয় পক্ষ (necessary party) নাকি উপযুক্ত পক্ষ (proper party) হিসেবে গণ্য হবেন? ৫
০৪. (ক) “আপিল মূল মোকদ্দমার ধারাবাহিকতা হলেও, আপিল পর্যায় মামলাকে নতুন করে সাজানোর সুযোগ নয়”-আপিল আদালতের ক্ষমতার আলোকে এই বক্তব্যটি মূল্যায়ন করুন। ৭

- (খ) একটি বিচারিক আদালত অন্য কোনো বিচার্য বিষয় সম্পর্কে সিদ্ধান্ত না দিয়ে কেবল res judicata-এর ভিত্তিতে একটি মোকদ্দমা খারিজ করেন। আপিল পর্যায়ে আপিল আদালত লক্ষ্য করেন যে, res judicata বিষয়ে বিচারিক আদালতের প্রদত্ত সিদ্ধান্ত ভুল এবং একটি গুরুত্বপূর্ণ বিষয়ে ইস্যু গঠন করা না হলেও উক্ত বিষয়সহ সব বিরোধীয় বিষয় নিষ্পত্তির জন্য মোকদ্দমার নথিতে যথেষ্ট সাক্ষ্য-প্রমাণ রয়েছে। এই অবস্থায়, আপিল আদালত সম্পূর্ণ মামলাটি নতুন করে বিচার (fresh trial) করার জন্য ফেরত (remand) পাঠান। The Code of Civil Procedure এর Order XLI Rule 23 অনুযায়ী এই remand- আদেশটি যুক্তিসঙ্গত কি না তা মূল্যায়ন করুন। ৭
- (গ) রিভিউ (review) করার ক্ষেত্রে “নথিতে আপাত দৃশ্যমান ভুল বা ত্রুটি” বলতে কী বোঝায়? কোনো পক্ষ কি একইসঙ্গে বা ধারাবাহিকভাবে (পরপর) রিভিউ এবং রিভিশন উভয় প্রতিকার গ্রহণ করতে পারেন? এ বিষয়ে আইনগত প্রভাব আলোচনা করুন। ৬

১৭শ বিজেএস পরীক্ষা, ২০২৪

‘ক’ অংশ: যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন

০১. (ক) বাদী স্বত্ব ঘোষণার নিমিত্ত একটি দেওয়ানি মোকদ্দমা দায়ের করেন। মোকদ্দমার সাক্ষ্য গ্রহণ শেষ হওয়ার পর বাদী আরজি সংশোধনের দরখাস্ত দায়ের করে এই মর্মে প্রার্থনা করেন যে, ‘স্বত্ব ঘোষণা’ শব্দদ্বয়ের পরে ‘এবং বাটোয়ারা ও পৃথক সাহাম’ শব্দগুলো সন্নিবেশিত হবে। দরখাস্তটি মঞ্জুরযোগ্য কি? The Code of Civil Procedure, 1908 এর অধীনে আরজি-জবাব সংশোধনের ক্ষেত্রসমূহ উল্লেখে আলোচনা করুন।
- (খ) The Specific Relief Act, 1877 এর ধারা ৯ অনুযায়ী দায়েরকৃত মোকদ্দমায় B, A এর বিরুদ্ধে প্রাপ্ত ডিক্রিমূলে নালিশী জমিতে দখল পান। পরবর্তীতে A নালিশী জমিতে স্বত্ব এবং দখল পুনরুদ্ধারের নিমিত্ত B এর বিরুদ্ধে মোকদ্দমা দায়ের করেন। পরবর্তী মোকদ্দমাটি res judicata দ্বারা বারিত কি? সংক্ষেপে উত্তর দিন।
০২. (ক) মোকদ্দমার পক্ষ ও কারণ সংযোজন সংক্রান্ত নিয়মাবলি আলোচনা করুন। মোকদ্দমার পক্ষ ও কারণ অপসংযোজনের আপত্তি কখন করা যায়? এইরূপ কারণে মোকদ্দমা খারিজ হতে পারে কি?
- (খ) “সমন জারি একটি দেওয়ানি মোকদ্দমার ভিত্তি।”- ব্যাখ্যা করুন। কখন বিকল্প পদ্ধতিতে সমন জারি আবশ্যিক? বিদেশে বসবাসরত বিবাদীর উপর কীভাবে সমন জারি করা যায়?
০৩. (ক) The Code of Civil Procedure, 1908 এর অধীনে কোনো মোকদ্দমায় খরচ প্রদানের বিধানসমূহ কী? মিথ্যাদাবি বা প্রতিদাবি (Defence) এর ক্ষেত্রে ক্ষতিপূরণমূলক (Compensatory Costs) খরচা প্রদানের বিধানসমূহ আলোচনা করুন।
- (খ) অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্ত বিবেচনার ক্ষেত্রে আদালতের জন্য অনুসরণীয় নীতিসমূহ কী? সংক্ষেপে আলোচনা করুন।
০৪. (ক) ‘Court possesses a discretion to undo injustice caused to men, public and citizens of State and Court must exercise that discretion.’ The Code of Civil Procedure, 1908 এর ধারা ১৫১ এর আলোকে বক্তব্যটির যথার্থতা মূল্যায়ন করুন।
- (খ) “A plaint can be rejected only on the grounds stated in the rule.” The Code of Civil Procedure, 1908 এর Order VII, rule 11 ও ধারা ১৫১ এর আলোকে মন্তব্যটির যথার্থতা পরীক্ষা করুন।

১৬শ বিজেএস পরীক্ষা, ২০২৩

‘ক’ অংশ: যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন (৩×২০=৬০)

০১. (ক) স্থাবর ও অস্থাবর সম্পত্তি সংক্রান্ত মোকদ্দমা দায়েরের স্থান বিষয়ে The Code of Civil Procedure, 1908 এর সংশ্লিষ্ট বিধান উল্লেখে আলোচনা করুন।
- (খ) K ও L খুলনার দৌলতপুর সহকারী জজ আদালতে M এর বিরুদ্ধে স্থাবর সম্পত্তি বন্টনের প্রার্থনায় মোকদ্দমা দায়ের করেন। মোকদ্দমাটি দোতরফাসূত্রে ডিক্রি হয়। উক্ত ডিক্রির বিরুদ্ধে আপিল গুনানিকালে দেখা যায় যে, মোকদ্দমাটি দৌলতপুর সহকারী জজ আদালতের পরিবর্তে খুলনার সদর সহকারী জজ আদালতে দাখিল হওয়া উচিত ছিল এবং আরজিতে L স্বাক্ষর করেন নাই। এমতাবস্থায়, আপিল আদালতের করণীয় সম্পর্কে The Code of Civil Procedure, 1908 এর সংশ্লিষ্ট বিধান উল্লেখে আলোকপাত করুন।
- (গ) একটি অর্থ ডিক্রিজারি মামলায় জারিকারক আদালত ডিক্রিদারের আবেদনক্রমে একটি সম্পত্তি ক্রোক করেন। এতে সংশ্লিষ্ট হয়ে ‘X’ সম্পত্তিটি ক্রোকযোগ্য নয় দাবিতে তা ক্রোকমুক্ত করার নিমিত্ত The Code of Civil Procedure, 1908 এর Order XXI, rule 58 এর অধীনে একটি দরখাস্ত দাখিল করেন। ‘X’ এর দরখাস্তটি নিষ্পত্তির পদ্ধতি সংক্ষেপে ব্যাখ্যা করুন।
০২. (ক) The Code of Civil Procedure, 1908 এর সংশ্লিষ্ট বিধান উল্লেখে কোনো দেওয়ানি মোকদ্দমার ‘প্লিডিংস’ (Pleadings); রায়, ডিক্রি বা আদেশ এবং দেওয়ানি কার্যধারার ত্রুটি বা ভুল সংশোধনে আদালতের ক্ষমতা আলোচনা করুন।
- (খ) একটি মোকদ্দমায় আদালত আদেশের তারিখ থেকে ২১ দিনের মধ্যে অপরাপ্ত স্ট্যাম্প-পেপার সরবরাহ, ব্যর্থতায় আরজি প্রত্যাখ্যাত হবে মর্মে আদেশ দেন। বাদী আদেশের ২৫তম দিনে একটি দরখাস্ত দিয়ে তার মায়ের মৃত্যুর কারণে সময়মতো স্ট্যাম্প-পেপার সরবরাহ করতে পারেননি বক্তব্যে প্রয়োজনীয় স্ট্যাম্প-পেপার জমা দিতে অতিরিক্ত ৭দিন সময় প্রার্থনা করেন। এই বিষয়ে The Code of Civil Procedure, 1908 এর বিধানাবলি উল্লেখে দরখাস্তটির রক্ষণীয়তা বিষয়ে মতামত দিন।
- (গ) ‘An executing Court cannot go beyond the decree’- এই নীতির ব্যতিক্রম সংক্ষেপে আলোচনা করুন।
০৩. (ক) The Code of Civil Procedure, 1908 এর Order IX, rule 2, 3 ও ৪ এর অধীনে মোকদ্দমা খারিজ হলে প্রতিকার কী?
- (খ) The Code of Civil Procedure, 1908 অনুসারে একতরফা ডিক্রির বিরুদ্ধে বিবাদীর কী কী প্রতিকার লাভের সুযোগ আছে? এক্ষেত্রে ‘পর্যাপ্ত কারণ’ বলতে আপনি কী বোঝেন?

(গ) X, Y এর বিরুদ্ধে সুনির্দিষ্ট স্থাবর সম্পত্তির খাস দখল প্রাপ্তি ও অবৈধ দখলের কারণে এক লক্ষ টাকা ক্ষতিপূরণের দাবিতে মোকদমা করেন। Y লিখিত জবাব দাখিল করে ঐ সম্পত্তির দখল অর্পণ করতে সম্মত জানালেও X এর নিকটে তার পাওনা পঞ্চাশ হাজার টাকার দরুন সেট-অফের প্রার্থনা করেন। Y এর দাবির আইনগ্রাহ্যতা বিষয়ে আপনার মতামত কী?

০৪. (ক) অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ পাওয়ার জন্য আবেদনকারীকে কী শর্তাবলি পূরণ করতে হয়? অন্তর্বর্তী ও অস্থায়ী নিষেধাজ্ঞা প্রদানের ক্ষেত্রে The Code of Civil Procedure, 1908 অনুযায়ী কী কী সীমাবদ্ধতা আরোপ করা হয়েছে? অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ অমান্য বা শর্তভঙ্গের প্রতিকার প্রদানে আদালতের এখতিয়ার বিষয়ে আলোচনা করুন।

(খ) নাবালকের পক্ষে আসন্ন বন্ধু (next friend) ব্যতীত মোকদমা দায়েরের ফলাফল কী? মোকদমায় নাবালক বিবাদীর পক্ষে অভিভাবক নিযুক্তিতে আদালতের The Code of Civil Procedure, 1908 এর অধীনে করণীয় কী?

১৫শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০২২

[এ আইন থেকে ৩টি প্রশ্নের উত্তর দিন; প্রতিটি প্রশ্নের মান ২০]

'ক' অংশ: যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন (৩×২০=৬০)

০১. (ক) 'One person may sue or defend on behalf of all in same interest.' The Code of Civil Procedure, 1908 এর সংশ্লিষ্ট বিধানের আলোকে ব্যাখ্যা করুন। ৮

(খ) The Code of Civil Procedure, 1908 এর ধারা ১১ এর সংশ্লিষ্ট ব্যাখ্যার আলোকে Constructive res judicata এর ধারণাটি পর্যালোচনা করুন। ৮

(গ) 'T', 'C' এর বিরুদ্ধে চুক্তি প্রবলের মোকদমা দায়ের করেন। 'P' মোকদমার সম্পত্তিতে স্বত্ব দাবি করে বিবাদী শ্রেণিভুক্ত দরখাস্ত দাখিল করেন। দরখাস্তটি মঞ্জুরযোগ্য কি? যুক্তিসহ উত্তর দিন। ৪

০২. (ক) দেওয়ানি আদালতের আর্থিক ও আঞ্চলিক এখতিয়ারের স্বতন্ত্র বৈশিষ্ট্য সম্পর্কে আলোকপাত করুন। ১২

(খ) রায়ের পূর্বে ক্রোক এবং রায়ের পরে ক্রোক এর ফলাফল কী? সহকারী জজ কর্তৃক প্রদত্ত রিসিভার নিয়োগের আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ পক্ষের প্রতিকার কী? ৬+২

০৩. (ক) বিচারিক আদালতে একটি দেওয়ানি মোকদমার আরজি উপস্থাপন থেকে চূড়ান্ত নিষ্পত্তি পর্যন্ত ধারাবাহিক পর্যায়সমূহ উল্লেখপূর্বক প্রথম শুনানির দিনে (First hearing) মোকদমা নিষ্পত্তির বিধানাবলি সংক্ষেপে বর্ণনা করুন। ১০

(খ) কোনো দেওয়ানি আদালত দৈনিক কার্যতালিকা এবং সামগ্রিকভাবে কয়টি মোকদমা চূড়ান্ত শুনানি পর্যায়ে ধার্য করতে পারেন? নিষ্পত্তি অস্তে কীরূপে তা সময়ে সময়ে হালনাগাদ করা যায়? ৬

(গ) 'K', 'L' ও 'M' এজমালি সম্পত্তিতে ভোগ দখলে থাকাকালে 'K' অন্য দুইজনের বিরুদ্ধে বাটোয়ারার মোকদমা দায়ের করেন। মোকদমা চলমান অবস্থায় 'L' তার অংশের জমিতে নতুন ইমারত নির্মাণের জন্য প্রকৃতি নিতে থাকেন। 'K', 'L' এর অংশেও জমি পাবেন মর্মে দাবিতে উক্ত নির্মাণ কাজ স্থগিতের জন্য আদালতে অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্ত দাখিল করেন। সংশ্লিষ্ট আইন ও নজির উল্লেখে অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্তের সম্ভাব্য ফলাফল লিখুন। ৪

০৪. (ক) The Code of Civil Procedure, 1908 অনুসারে কখন স্থানীয় তদন্ত ও স্থানীয় পরিদর্শনের জন্য আদেশ প্রদান করা যায়? কখন আদালত নিজে মোকদমার সম্পত্তি পরিদর্শন করতে পারেন? ১২

(খ) স্থানীয় তদন্ত ও স্থানীয় পরিদর্শনের প্রতিবেদনগুলোর সাম্মান্য মূল্য নিরূপণ করুন। কমিশনারকে সাক্ষী হিসাবে পরীক্ষা ব্যতিরেকে প্রদত্ত প্রতিবেদন সাম্মান্য হিসাবে গ্রহণযোগ্য কি? উচ্চ আদালতে গৃহীত সর্বশেষ সিদ্ধান্তের আলোকে ব্যাখ্যা করুন। ৮

১৪শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০২১

[এ আইন থেকে ৩টি প্রশ্নের উত্তর দিন; প্রতিটি প্রশ্নের মান ২০]

০১. (ক) 'The Court may at any stage of the proceedings allow either party to amend the pleadings' - মূল মোকদমা ও আপিল চলাকালে এই ধারণার প্রয়োগযোগ্যতা ব্যাখ্যা করুন। ০৫

(খ) The Code of Civil Procedure, 1908 অনুযায়ী বিবাদীর প্রতি সমন জারির পদ্ধতিগুলো সংক্ষেপে আলোচনা করুন। বিকল্প পদ্ধতিতে সমন জারির ফলাফল নির্ণয় করুন। সমন এর পরিবর্তে কখন পত্রের মাধ্যমে বিবাদীকে মামলার বিষয়ে অবগত করানো যায়? ১০

(গ) ঢাকার একটি আদালত X এর দখলে থাকা একটি দলিল উপস্থাপনের জন্য তার প্রতি সমন প্রদান করেন। কিন্তু X সমন মোতাবেক আদালতের উক্ত আদেশ পালনে ব্যর্থ হন। আদালত X কে উক্ত দলিল উপস্থাপনে বাধ্য করতে পদক্ষেপ নিতে পারেন কি? The Code of Civil Procedure, 1908 এর প্রাসঙ্গিক বিধি উল্লেখে উত্তর দিন। ০৫

০২. (ক) আরজি প্রত্যাখ্যানের দরখাস্ত মঞ্জুর ও নামাজুরের আদেশের ফলাফল কী? ০৪

(খ) Set-off এর শর্তসমূহ ব্যাখ্যা করুন। Legal set-off এবং Equitable set-off এর মধ্যকার পার্থক্য লিখুন। ০৬

(গ) "Adjournment is not a matter of course even when both parties want it."- মোকদমা মূলতবির বিভিন্ন বিধান উল্লেখপূর্বক The Code of Civil Procedure, 1908 এর Order XVII, rule 1 এর আলোকে ধারণাটি ব্যাখ্যা করুন। ১০

০৩. (ক) কে অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশের জন্য আবেদন করতে পারেন? অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ কার বিরুদ্ধে এবং কখন থেকে কার্যকর হয়? ০৬

(খ) অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ প্রদানের ক্ষেত্রে আদালত কর্তৃক অনুসৃত নীতিমালা কী? ০৮

- (গ) X, Y এর বিরুদ্ধে বিজ্ঞ সহকারী জজ, ৩য় আদালত, ঢাকায় স্বত্ব মোকদ্দমা নং ১৫/২০১৯ দায়ের করেন। উক্ত মোকদ্দমায় বিবাদী সমন প্রাপ্ত হয়েও হাজির হননি। উক্ত মোকদ্দমায় একতরফা ডিক্রি হয়। অতঃপর বিবাদী The Code of Civil Procedure, 1908 এর Order IX, rule 13 মোতাবেক একতরফা ডিক্রি রদ-রহিতের জন্য বিবিধ মামলা নং ০৫/২০২১ দায়ের করেন। উভয়পক্ষের সাক্ষ্য বিশ্লেষণপূর্বক বিজ্ঞ সহকারী জজ বিবিধ মামলাটি মঞ্জুর করেন। এতে X ভীষণভাবে অসন্তুষ্ট হন। X এর কোনো প্রতিকার আছে কী? আলোচনা করুন। ০৬
০৪. (ক) কখন আদালত জারি কার্যক্রম স্থগিত করতে পারে? ০৫
- (খ) আদালত কর্তৃক কমিশন ইস্যুর ক্ষমতার উপর সংক্ষিপ্ত টীকা লিখুন। ০৫
- (গ) নিম্নলিখিত ব্যক্তি কর্তৃক নিলাম বিক্রি রদ সংক্রান্ত The Code of Civil Procedure, 1908 এর সংশ্লিষ্ট বিধানাবলি উল্লেখপূর্বক আলোচনা করুন। ৫×২=১০
- (i) দায়িক যিনি সম্পত্তির মালিক;
- (ii) ক্রেতা।

১৩শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৯

[এ আইন থেকে ৩টি প্রশ্নের উত্তর দিন; প্রতিটি প্রশ্নের মান ২০]

০১. (ক) "No order of ad interim or temporary injunction without hearing the opposite party is permissible." The Code of Civil Procedure, 1908 এর Order XXXIX এ বর্ণিত বিধানের আলোকে এই প্রস্তাবনাকে আপনি কীভাবে মূল্যায়ন করবেন? ৮
- (খ) একটি দেওয়ানি মামলায় অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ হওয়ার কিছুদিন পর মামলাটি বাদীর অনুপস্থিতির কারণে খারিজ হয়। পরবর্তীতে মামলাটি The Code of Civil Procedure, 1908 এর Order IX, rule 9 অনুসারে পুনর্জীবিত হয়। উক্ত মামলায় অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ বলবৎ আছে কি? যুক্তিসহ উত্তর দিন। ৪
- (গ) "ডিক্রি জারির প্রথম দরখাস্তটি তিন বছরের মধ্যে দায়ের করার পর ডিক্রিদার প্রতিটি পূর্ববর্তী দরখাস্ত নিষ্পত্তির তিন বছরের মধ্যে যে-কোনো সংখ্যক ডিক্রি জারির নতুন দরখাস্ত দায়ের করতে পারবে, তবে কোনো অবস্থাতেই ডিক্রির তারিখ থেকে বারো বছর পরে নয়।" — The Code of Civil Procedure, 1908 এর ৪৮ ধারার অধীনে বিবৃতিটি ব্যাখ্যা করুন। এরূপ তামাদির কোনো ব্যতিক্রম আছে কি? ৮
০২. (ক) প্লিডিংস বলতে কী বোঝেন? কখন ও কোন কোন কারণে আরজি সংশোধন করা যায়? ৬
- (খ) আরজির সাথে কী কী দলিল দাখিল করতে হয়? এ সকল দলিল দাখিল না করলে তার আইনগত ফলাফল কী? ৬
- (গ) "আরজি প্রত্যাখ্যানের ক্ষেত্রে আদালত শুধু আরজি ও এর সাথে দাখিলকৃত দলিলসমূহ বিবেচনায় গ্রহণ করবেন, বিবাদী তার কোনো দরখাস্তে বা লিখিত বর্ণনায় কী যুক্তি উপস্থাপন করেছে সেটি নয়।" উক্তিটি নজির উল্লেখপূর্বক ব্যাখ্যা করুন। ৮
০৩. (ক) The Code of Civil Procedure, 1908 এর ৫১ ধারামতে ডিক্রি জারির উপায়সমূহ (modes) বর্ণনা করুন। ১২
- (খ) একটি দেওয়ানি মামলায় X, Y এর বিরুদ্ধে দখল উদ্ধারের ডিক্রি পান। Y আদালত কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে X কে দখল প্রদান করেননি। সংগত কারণে X, Y এর বিরুদ্ধে ডিক্রি জারির মামলা করেন। আদালতের নাজির Y এর সম্পত্তির পরিবর্তে Z এর মালিকানাধীন সম্পত্তির দখল X কে বুঝিয়ে দেন এবং আদালত উক্ত জারি মামলা X এর অনুকূলে নিষ্পত্তি করেন। Z আদালতের উক্ত আদেশে সংক্ষুব্ধ হন। Z এর উক্ত জমির দখল ফেরত পাওয়ার কোনো সুযোগ আছে কি? সংক্ষেপে আলোচনা করুন। ৮
০৫. নিম্নলিখিত বিষয়গুলো ব্যাখ্যা করুন: (যে-কোনো ৪টি) ৪×৫=২০
- (ক) রায়ের পূর্বে ক্রোক
- (খ) স্থানীয় তদন্ত
- (গ) আদালতের সহজাত ক্ষমতা
- (ঘ) রিসিভার নিয়োগ
- (ঙ) অন্তর্বর্তীকালীন মুনাফা
- (চ) সেট অফ এবং পাল্টা দাবি

১২শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৮

[যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দিন; সকল প্রশ্নের মান সমান: ২×২০=৪০]

০১. (ক) কখন দেওয়ানি আদালত কোনো মোকদ্দমায় একতরফা নিষ্পত্তিতে অগ্রসর হতে পারে? ৫
- (খ) কে একতরফা ডিক্রি বাতিলের জন্য আবেদন করতে পারে? কখন আদালত একতরফা ডিক্রি বাতিল করতে পারে? The Code of Civil Procedure, 1908 এর সংশ্লিষ্ট বিধান উল্লেখপূর্বক উত্তর দিন। ১০
- (গ) 'A' ফরিদপুর সহকারী জজ আদালতে 'B' এর বিরুদ্ধে একটি দেওয়ানি মোকদ্দমা দায়ের করে। শুনানির জন্য ধার্য তারিখ 'B' উপস্থিত থাকে। কিন্তু 'A' এর অনুপস্থিতিতে মোকদ্দমাটি খারিজ হয়। উক্ত খারিজাদেশ রদ রহিতের জন্য 'A' কী কী পদক্ষেপ গ্রহণ করতে পারে? The Code of Civil Procedure, 1908 এর সংশ্লিষ্ট বিধানাবলি উল্লেখপূর্বক আলোচনা করুন। ৫
০২. (ক) The Code of Civil Procedure, 1908 এ উল্লিখিত Appeal ও Revision এর বিধানসমূহ আলোচনা করুন। ১০
- (খ) আপিলেট কোর্টের আদেশের বিরুদ্ধে আপিল দায়ের করা যায় কি? যদি যায়, কখন? সংশ্লিষ্ট বিধান উল্লেখ করুন। ৩
- (গ) কোন কোন ক্ষেত্রে Review এর দরখাস্ত দাখিল করা যায়? আলোচনা করুন। ৭

০৩. (ক) "The exclusion of jurisdiction of a civil court to entertain civil cases should not be readily inferred" – The Code of Civil Procedure, 1908 এর ৯ ধারার আলোকে বিবৃতিটির মূল্যায়ন করুন। ১০
- (খ) A ও B যথাক্রমে ঢাকা ও চট্টগ্রামের ব্যবসায়ী। 'B' তার ঢাকাস্থ প্রতিনিধির মাধ্যমে 'A' এর নিকট থেকে পণ্য ক্রয় করে এবং 'A' কে পণ্যসমূহ বাংলাদেশ বিমানের নিকট সরবরাহের জন্য অনুরোধ করে। 'A' সে মতে পণ্যসমূহ ঢাকায় বাংলাদেশ বিমানের নিকট সরবরাহ করে। 'B' পণ্যসমূহের মূল্য 'A' কে পরিশোধে অস্বীকৃতি জানায়। 'A' টাকা আদায়ের জন্য 'B' এর বিরুদ্ধে মোকদ্দমা দায়ের করতে চায়। 'A' কোথায় মোকদ্দমা দায়ের করতে পারে? এই প্রেক্ষিতে আদালতের অধিক্ষেত্র নির্ধারণ সম্পর্কিত বিধানাবলি বর্ণনা করুন। ৫
- (গ) কখন আদালতের এখতিয়ার বিষয়ে আপত্তি উত্থাপন করা যায়? আপিলেট বা রিভিশনাল আদালত এ সংক্রান্তে কোনো আপত্তি গ্রহণ করতে পারে কি? আইনের সংশ্লিষ্ট বিধান উল্লেখে আলোচনা করুন। ৫

১১শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৭

[যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দিন; সকল প্রশ্নের মান সমান: ২×২০=৪০]

০১. (ক) কোন কোন ক্ষেত্রে দেওয়ানি মামলার আরজি খারিজযোগ্য? প্রাসঙ্গিক বিধান উল্লেখপূর্বক আলোচনা করুন। ৫
- (খ) আরজি খারিজের দরখাস্তের উপর কোনো আদেশ প্রদান করা হলে তার বিরুদ্ধে সংশ্লিষ্ট পক্ষের প্রতিকার কী? আপনার উত্তরের সপক্ষে সংশ্লিষ্ট আইনের বিধানাবলি উল্লেখে ব্যাখ্যা করুন। ৫
- (গ) স্বত্ব ঘোষণা ও দখল পুনরুদ্ধার এর ডিক্রির প্রার্থনায় 'ক' সহকারী জজ, প্রথম আদালত, চট্টগ্রাম এ 'খ' এর বিরুদ্ধে একটি দেওয়ানি মামলা দায়ের করেন। 'খ' একটি আরজি খারিজের দরখাস্ত দাখিল করে উল্লেখ করেন যে মামলাটি তামাদিতে বারিত। উক্ত দরখাস্তে আপনার সিদ্ধান্ত কী? ১০
০২. (ক) Res-Subjudice ও Res-Judicata বলতে কী বোঝায় তা সংশ্লিষ্ট আইন উল্লেখে আলোচনা করুন। কোন অবস্থায় দেওয়ানি আদালতে বিচারাধীন কোনো মামলা স্থগিত রাখা যায়? ১০
- (খ) Res-Judicata ও চূড়ান্ত স্বীকৃতি (admission) এর মধ্যে পার্থক্য কী? একতরফা ডিক্রি কি Res-Judicata হিসেবে কাজ করে? ১০
০৩. (ক) একটি দেওয়ানি মোকদ্দমার পর্যায়গুলো (stages) আলোচনা করুন। ১০
- (খ) "আপিল হচ্ছে মূল মোকদ্দমার ধারাবাহিকতা"— সংক্ষেপে আলোচনা করুন। আপিল আদালতের ক্ষমতা এবং কার্যাবলি ব্যাখ্যা করুন। আপনি কি মনে করেন সকল ডিক্রির বিরুদ্ধে আপিল করা যায়? ১০

১০শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৫

[যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দিন; সকল প্রশ্নের মান সমান: ২×২০=৪০]

০১. (ক) আদালতের এখতিয়ার বলতে কী বোঝেন? "প্রত্যেক মামলা বিচার করিবার ক্ষমতা সম্পন্ন সর্বনিম্ন আদালতে দায়ের করিতে হইবে।"— সংশ্লিষ্ট আইন উল্লেখে আলোচনা করুন।
- (খ) আপিল গ্রহণের ক্ষেত্রে জেলা জজের আর্থিক এখতিয়ারের সীমা কী? আপিল এখতিয়ার প্রয়োগের ক্ষেত্রে আপিল আদালত কেবল মোকদ্দমার আইনগত দিকটিই বিবেচনায় নিতে পারেন— আপনি কি একমত? ব্যাখ্যা করুন।
০২. (ক) দেওয়ানি মামলায় কখন অস্থায়ী নিষেধাজ্ঞা মঞ্জুর করা যাবে? অস্থায়ী নিষেধাজ্ঞা মঞ্জুরের ক্ষেত্রে আদালতের বিবেচ্য উপাদানগুলো বর্ণনা করুন।
- (খ) অস্থায়ী নিষেধাজ্ঞা মঞ্জুরের পর একই আদালত কি তা পরবর্তীতে পরিবর্তন/রদ করতে পারেন? আইনের বিধানসহ আলোচনা করুন।
- (গ) অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ অমান্যের প্রতিকার বিষয়ে আলোচনা করুন।
০৩. (ক) দেওয়ানি কার্যবিধির ১১৫ ধারায় প্রদত্ত জেলা জজ ও হাইকোর্ট বিভাগের রিভিশন সম্পর্কিত ক্ষমতা আলোচনা করুন।
- (খ) ঢাকা জেলায় প্রথম সহকারী জজ আদালত একটি স্বত্ব মামলায় 'P' এর আরজি সংশোধনের দরখাস্ত খারিজ করলে তার বিরুদ্ধে 'P' জেলা জজ, ঢাকা বরাবর একটি দেওয়ানি রিভিশন মামলা দায়ের করেন। কিন্তু উক্ত রিভিশনটি জেলা জজ আদালত কর্তৃক খারিজ হয়। এই ক্ষেত্রে 'P' এর প্রতিকার কী? আইনের সংশ্লিষ্ট বিধানসমূহ উল্লেখপূর্বক আলোচনা করুন।
- (গ) রিভিশন এবং রিভিউ এর মধ্যে পার্থক্য কী?

৯ম বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৪

[যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন; সকল প্রশ্নের মান সমান: ৩×২০=৬০]

০১. (ক) 'P' একজন রোগী যিনি নোয়াখালী জেলার বাসিন্দা। চট্টগ্রামে কর্মরত ডাক্তার 'Q' এর প্রেসক্রিপশন অনুসারে চট্টগ্রামে অবস্থিত 'R' এর দোকান হতে 'P' কিছু ঔষধ কিনেছিল। ঐ ঔষধগুলো সেবনের পরে 'P' লক্ষ্মীপুরে মারা যায়। ঢাকায় একজন ফার্মাসিস্ট মৃত 'P' এর ছেলেকে জানায় যে, কুষ্টিয়ার বাসিন্দা 'I' এর সরবরাহকৃত উপকরণ দিয়ে 'S' এর মালিকানাধীন ঢাকাস্থ একটি কারখানায় ঔষধগুলো তৈরি হয়েছিল এবং সেগুলো ভেজাল ছিল। মৃতের ছেলে মামলা করতে চায়। এক্ষেত্রে কোন আদালতে, কার বিরুদ্ধে এবং কী ধরনের মামলা দায়ের করা যাবে? তোমার উত্তরের যৌক্তিকতা নিরূপণ করো।
- (খ) 'Ka' জমির দখল পুনরুদ্ধার সংক্রান্ত মামলায় 'Kha' এর বিরুদ্ধে ডিক্রি পায়। ডিক্রি জারি মামলায় আদালতের কর্মচারী প্রতিবেদন দেয় যে, 'Ka' বরাবর জমিটির দখল বুঝিয়ে দেওয়া হয়েছে। কিন্তু তৃতীয়পক্ষ 'Ga' উক্ত আদালতে দরখাস্ত দিয়ে অভিযোগ করে যে, মামলার জমির পরিবর্তে পার্শ্ববর্তী তার (Ga) মালিকানাধীন জমির দখল বুঝিয়ে দেওয়া হয়েছে। সে কারণে 'Ga' তার জমির দখল পুনর্বহাল চায়। 'Ka' উক্ত দাবি অস্বীকার করে। এক্ষেত্রে আদালতের করণীয় কী? তোমার উত্তরের যৌক্তিকতা নিরূপণ করো।
০২. কীভাবে 'audi alteram partem' নীতি দেওয়ানি কার্যবিধি, ১৯০৮ এ প্রতিফলিত হয়েছে? আইনের প্রাসঙ্গিক বিধানাবলি উল্লেখে উত্তর দাও।

০৩. (ক) কীভাবে জেলা জজ আদালতে আপিল দায়ের করা হয়? মোমোরেন্ডাম অব আপিল-এর আবশ্যিকীয় উপাদানসমূহ কী কী এবং এর সাথে কোন কোন দলিলাদি সংযুক্ত করতে হয়? আপিল অধীন ডিক্রির কার্যকারিতা স্বয়ংক্রিয়ভাবে স্থগিত হতে পারে কি? আলোচনা করো।
- (খ) নিম্নবর্ণিত মামলাসমূহের ডিক্রি জারির পদ্ধতি কী—
- চুক্তি প্রবলের মামলা
 - নিষেধাজ্ঞার মামলা
 - দাম্পত্য সম্পর্ক পুনরুদ্ধারের মামলা
০৪. (ক) কোন মামলার বিচার ও আপিল শুনানির মধ্যকার বৈশিষ্ট্যগত পার্থক্যসমূহ কী কী? বিচারিক আদালত ও আপিল আদালত কর্তৃক রায় লেখা ও প্রচারের পদ্ধতিসমূহ বর্ণনা কর। কীভাবে উক্ত আদালতদ্বয় কর্তৃক ডিক্রি লিখিত ও স্বাক্ষরিত হয়?
০৫. (ক) “মামলা করার অধিকার বিদ্যমান থাকলে তা বাতিল (abatement) হয় না।”— আইনের প্রাসঙ্গিক বিধান উল্লেখে ব্যাখ্যা করো।
- (খ) দেওয়ানি আদালত কর্তৃক একজন ব্যক্তিকে গ্রেপ্তার ও আটকসংক্রান্ত বিধানাবলি আলোচনা করো। এর ব্যতিক্রমসমূহ কী কী?

৮ম বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৩

[যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন; সকল প্রশ্নের মান সমান: ৩×২০=৬০]

০১. (ক) “প্লিডিং (Pleading) এ সাক্ষ্য নয়, প্রাসঙ্গিক তথ্য প্রকাশ করবে।”— ব্যাখ্যা কর। কখন এবং কী কারণে আরজি সংশোধিত হতে পারে? আদালত কখন আরজি সংশোধনে অস্বীকৃতি জানাতে পারে?
- (খ) আরজি প্রত্যাখ্যানের কারণসমূহ কী কী? আরজি প্রত্যাখ্যান ও ফেরতের আইনগত ফলাফলের পার্থক্য নির্ণয় কর।
০২. (ক) রেস জুডিকাটা নীতি প্রয়োগের ক্ষেত্রে কী কী শর্ত পূরণ করা আবশ্যিক? ‘A’, ‘B’ এর বিরুদ্ধে ঘোষণামূলক মোকদ্দমা দায়েরপূর্বক দাবি করে যে, সে ‘C’ এর নিকট হতে ওয়ারিশসূত্রে সম্পত্তি পাওয়ার অধিকারী। উক্ত মোকদ্দমা খারিজ হয়ে যায়। ‘A’ কি বিরুদ্ধ দখলজনিত (Adverse Possession) কারণে উক্ত সম্পত্তি দাবি করে নতুন আরেকটি মোকদ্দমা দায়ের করতে পারবে? যুক্তিসহ ব্যাখ্যা করুন।
- (খ) রেস জুডিকাটা (Res Judicata) এবং রেস সাব জুডিস (Res Subjudice) নীতি এর পার্থক্যমূলক বৈশিষ্ট্যগুলো কী কী?
০৩. (ক) আদি আদেশ ও ডিক্রি হতে উদ্ভূত আপিল সংক্রান্ত বিধানসমূহ কী কী?
- (খ) কখন আপিল আদালত একটি মোকদ্দমা পুনর্বিচারের জন্য অধঃস্তন আদালতে প্রেরণের এবং পক্ষকে অতিরিক্ত সাক্ষ্য প্রদানের অনুমতি দেয়? সংশ্লিষ্ট বিধান উল্লেখপূর্বক আলোচনা করুন।
০৪. (ক) আদালতের কার্যক্রমের অপব্যবহার রূপে বা ন্যায়বিচার রক্ষার্থেই কেবলমাত্র দেওয়ানি আদালতের সহজাত ক্ষমতা (Inherent Powers) প্রয়োগ করা উচিত। তুমি কি উক্ত বক্তব্যের সাথে একমত? সংশ্লিষ্ট আইন ও উদাহরণের আলোকে উত্তর দাও।
- (খ) বাদীর অনুপস্থিতিজনিত কারণে কোনো মোকদ্দমা খারিজ হলে উক্ত খারিজাদেশ কি আদালতের সহজাত ক্ষমতা প্রয়োগে রদ রহিত করা যায়? আলোচনা কর।
০৫. (ক) দেওয়ানি প্রকৃতির মোকদ্দমা বলতে কী বোঝ? একটি পক্ষ কীভাবে আরজি দাখিলের মাধ্যমে মোকদ্দমা দায়ের করে?
- (খ) ‘A’ তার বাড়ি ‘B’ কে বার্ষিক ১,২০০/= টাকায় ভাড়া দেয়। ২০০৫, ২০০৬ ও ২০০৭ সালের সমুদয় ভাড়া বাকি এবং অপরিশোধিত থাকে। ২০০৮ সালে ‘A’, ‘B’ এর বিরুদ্ধে শুধুমাত্র ২০০৬ সালের ভাড়ার জন্য মামলা করে। ‘A’ কি পরবর্তীতে ‘B’ এর বিরুদ্ধে ২০০৫ বা ২০০৭ সালের ভাড়ার জন্য মামলা করতে পারবে? যুক্তিসহ উত্তর দাও।
০৬. (ক) ডিক্রি জারির জন্য সে আদালতেই দরখাস্ত করতে হবে যে আদালত কর্তৃক ডিক্রিটি প্রদত্ত হয়েছে। যে আদালত কর্তৃক ডিক্রিটি প্রদত্ত হয়েছে শব্দগুলো দ্বারা তুমি কি বোঝ? জারির দরখাস্ত দাখিলের সময়সীমা সংক্রান্ত বিধান সংক্ষেপে বর্ণনা করুন।
- (খ) ডিক্রি জারি কার্যকারীকরণের পদ্ধতি কী? ডিক্রি কার্যকরণের পূর্বে যদি ডিক্রি দেনাদার মারা যায় তাহলে ডিক্রিদারের সামনে কী কী পথ খোলা থাকে আলোচনা করুন।

৭ম বিজেএস লিখিত পরীক্ষা, ২০১২

[৫টি প্রশ্ন থেকে ১নং প্রশ্নসহ যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন; সকল প্রশ্নের মান সমান: ৩×২০=৬০]

০১. (ক) একটি মামলায় একের অধিক ব্যক্তি বাদী হিসেবে পক্ষভুক্ত হতে পারে কি? যদি তা হয়, কোন ক্ষেত্রে? ‘খ’ একটি ভূমির দখলে আছে। ‘খ’ কে বাদ দিয়ে ‘ক’ অন্যান্য ব্যক্তিকে বিবাদী শ্রেণিভুক্ত করে উক্ত ভূমিতে স্বত্ব ঘোষণার ডিক্রি এবং খাস দখল প্রাপ্তির জন্য মামলা দায়ের করে। এক্ষেত্রে ‘খ’ এর প্রতিকার কী?
- (খ) একটি মামলায় বিবাদী লিখিত জবাব দাখিলক্রমে আরজিতে অন্তর্ভুক্ত হয়নি এমন কোনো ব্যক্তির নাম উল্লেখ ছাড়াই অভিযোগ করে যে, মামলাটি পক্ষদোষে দুষ্ট। এ অবস্থায় বাদীর করণীয় কী? আলোচনা করুন।
- (গ) মামলার বিষয়বস্তু সম্পর্কিত কোনো দলিল পরিদর্শনের জন্য বিবাদীর আবেদনের প্রেক্ষিতে আদালত উক্ত দলিলটি নির্দিষ্ট সময়ের মধ্যে দাখিল করার জন্য বাদীকে নির্দেশ প্রদান করে। কিন্তু বাদী আদালতের নির্দেশ পালনে ব্যর্থ হয়। এহেন ব্যর্থতার পরিণাম কী হতে পারে? আইনের প্রাসঙ্গিক বিধান উল্লেখপূর্বক আলোচনা করুন।
০২. (ক) পাল্টা ডিক্রি (Cross Decrees) এবং ডিক্রির অধীন পাল্টা দাবি (Cross Claims) জারি কার্যক্রমের কী কী পার্থক্য আছে?
- (খ) কোন কোন গুরুত্বপূর্ণ বিষয়গুলো বিবেচনা করে একটি আদালত রায়ের পূর্বে সম্পত্তি ক্রোকের আদেশ এবং রিসিভার নিয়োগের আদেশ প্রদান করে থাকে? প্রাসঙ্গিক বিধান উল্লেখপূর্বক আলোচনা করুন।

০৩. (ক) কখন আপিল আদালত তদবির অভাবে আপিল খারিজ করতে এবং একটি আপিল একতরফাভাবে শুনতে পারে? তদবির অভাবে আপিল খারিজের আদেশ এবং আপিলের একতরফা আদেশ সরাসরি রদের বিধানসমূহ কী?
- (খ) একটি আপিল আদালত কখন ও কীভাবে অতিরিক্ত সাক্ষ্য গ্রহণ করতে পারে? কখন একটি আপিল আদালত মামলা রিমান্ডের আদেশ দিতে পারে? আলোচনা করুন।
০৪. (ক) কখন একটি দেওয়ানি 'স্থানীয় পরিদর্শন' এবং 'স্থানীয় তদন্ত' এর আদেশ প্রদান করতে পারে?
- (খ) অস্থায়ী নিষেধাজ্ঞা এবং অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞার পার্থক্যসমূহ উল্লেখ করুন।
০৫. (ক) মামলার খরচ বলতে কী বোঝেন? কখন একটি আদালত ক্ষতিপূরণের খরচ প্রদানের আদেশ দিতে পারে এবং কী পরিমাণ পর্যন্ত?
- (খ) একটি মামলার শুনানিকালে এবং এর পূর্বে কী অবস্থায় কী শর্তে কোনো পক্ষকে আদালত কতবার মুলতবি (Adjournment) মঞ্জুর করতে পারে? যখন কোনো পক্ষ মুলতবি খরচ প্রদানে আদালতের আদেশ পালনে ব্যর্থ হয়, তবে পরিণাম কী হতে পারে? ক্ষতিগ্রস্ত পক্ষের এরূপ পরিণামের বিরুদ্ধে কোনো প্রতিকার আছে কি? আলোচনা করুন।

৬ষ্ঠ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১১

[যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন; সকল প্রশ্নের মান সমান: ৩×২০=৬০]

০১. ডিক্রি কী? দেওয়ানি আদালত কখন একতরফা ডিক্রি প্রদান করতে পারে? কখন এবং কীভাবে ক্ষতিগ্রস্ত পক্ষ একতরফা ডিক্রি রদের জন্য আবেদন করতে পারে? আলোচনা করুন।
০২. দেওয়ানি কার্যবিধির সংশ্লিষ্ট বিধান উল্লেখপূর্বক বিবাদীর প্রতি সমন জারির বিভিন্ন পদ্ধতিসমূহ বিস্তারিত আলোচনা করুন।
০৩. পক্ষগণের মধ্যকার আইনগত ও ঘটনাসংক্রান্ত বিষয় বলতে কী বোঝেন? আদালত কর্তৃক বিচার্য বিষয় গঠনের পদ্ধতি সংক্ষেপে বর্ণনা করুন। মামলার ১ম শুনানির দিনে পক্ষগণ যদি আইনগত বা ঘটনা সংক্রান্ত কোনো বিষয়ে শুনানির জন্য অনুপস্থিত থাকে তাহলে আদালত কী করতে পারে? বিধি বিধান উল্লেখপূর্বক উত্তর দিন।
০৪. (ক) জারি মামলার দরখাস্তে কী কী বিষয়ের উল্লেখ থাকতে হবে?
- (খ) অস্থাবর সম্পত্তির দখল হস্তান্তরের ডিক্রি এবং চুক্তি প্রবলের ডিক্রি জারির বিভিন্ন পদ্ধতি সম্পর্কে আলোচনা করুন।
০৫. (ক) কোন ক্ষেত্রে এবং কীভাবে জেলা জজ বা অতিরিক্ত জেলা জজ রিভিশনাল ক্ষমতা প্রয়োগ করতে পারেন?
- (খ) সোলে ডিক্রির কোনো পক্ষ কি আপিলের মাধ্যমে ঐ ডিক্রিকে চ্যালেঞ্জ করতে পারে?
- (গ) আপিল এবং রিভিশনের মধ্যে পার্থক্যগুলো আলোচনা করুন।

৭ম বিজেএস লিখিত পরীক্ষা, ২০১০

[যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন; সকল প্রশ্নের মান সমান: ৩×২০=৬০]

০১. (ক) প্লিডিং (Pleading) বলতে কী বোঝেন? প্লিডিং-এ কী কী বিষয় থাকে? প্লিডিং এর সমর্থনে দলিলাদি দাখিলের পদ্ধতি কী? সংশ্লিষ্ট বিধান উল্লেখপূর্বক আলোচনা করুন।
- (খ) কোন কোন ক্ষেত্রে আরজি নাকচ (Reject) করা যায়? আরজি নাকচ ও আরজি ফেরতের মধ্যে পার্থক্য কী? সংশ্লিষ্ট বিধান উল্লেখপূর্বক আলোচনা করুন।
০২. (ক) রিভিউ ও রিভিশনের মধ্যে পার্থক্যগুলো কী কী? সংশ্লিষ্ট বিধান উল্লেখপূর্বক আলোচনা করুন।
- (খ) একটি জমি বাবদ স্বত্ব ঘোষণার দাবিতে 'ক' সহকারী জজ আদালতে মামলা করল। আদালত মামলাটি এই কারণে খারিজ করে যে, 'ক' তার স্বত্বের যথাযথ দলিল দাখিল করতে পারেনি। পরে 'ক' দলিলটি সংগ্রহ করে। এক্ষেত্রে 'ক' কোন আদালতে কী কী ধরনের মামলার মাধ্যমে প্রতিকার পেতে পারে? সংশ্লিষ্ট বিধান উল্লেখপূর্বক যুক্তিসহ উত্তর দিন।
০৩. নিম্নবর্ণিত পরিস্থিতিতে ক্ষতিগ্রস্ত পক্ষ যে প্রতিকার পেতে পারেন তা সংশ্লিষ্ট আইন উল্লেখপূর্বক আলোচনা করুন:
- (ক) মামলা শুনানির নির্ধারিত তারিখে বিবাদী উপস্থিত কিন্তু বাদী উপস্থিত না থাকায় মামলা খারিজ হলে।
- (খ) মামলা শুনানির নির্ধারিত তারিখে অসুস্থতার কারণে বিবাদী অনুপস্থিত থাকায় বাদীর অনুকূলে একতরফা ডিক্রি হলে।
- (গ) বাদীর অনুকূলে মামলার ডিক্রি হওয়ার পর আদালতের প্রস্তুতকৃত ডিক্রিতে ভুল থাকলে।
- (ঘ) বিবাদীর জবাব সংশোধনের দরখাস্ত নামঞ্জুর হলে।
০৪. (ক) কী পরিস্থিতিতে আপিল আদালত একটি মামলা পুনঃশুনানির জন্য বিচারিক আদালতে প্রেরণ করতে পারে? এক্ষেত্রে বিচারিক আদালতের করণীয় কী? সংশ্লিষ্ট বিধান উল্লেখপূর্বক আলোচনা করুন।
- (খ) একটি আপিল আদালত দেখে যে, বিচারিক আদালতের রায় ত্রুটিপূর্ণ কিন্তু আপিলটি নিষ্পত্তির জন্য নথিতে পর্যাপ্ত সাক্ষ্য আছে। আপিলটি নিষ্পত্তির বিষয়ে আপিল আদালতের করণীয় কী এবং আদালত কী কী ক্ষমতা প্রয়োগ করতে পারে? সংশ্লিষ্ট বিধান উল্লেখপূর্বক আলোচনা করুন।
০৫. (ক) স্থাবর সম্পত্তি বিষয়ে দেওয়ানি মামলা দায়েরের ক্ষেত্রে আদালতের এখতিয়ার সংক্রান্ত বিধানগুলো আলোচনা করুন।
- (খ) এক আদালত থেকে অন্য আদালতে মামলা স্থানান্তরের ক্ষেত্রে প্রযোজ্য বিধান এবং স্থানান্তরকারী আদালতের ক্ষমতা সম্পর্কে আলোচনা করুন।

৮র্থ বিজেএস লিখিত পরীক্ষা, ২০০৮

[যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন; সকল প্রশ্নের মান সমান: ৩×২০=৬০]

০১. নিম্নলিখিত পরিভাষাগুলোর সংজ্ঞা দিন:
- (ক) ডিক্রি

- (খ) রায়
- (গ) দায়িক
- (ঘ) আইনানুগ প্রতিনিধি
- (ঙ) ডিক্রিদার
- (চ) বিধি
- (ছ) জেলা
- (জ) মধ্যবর্তী মুনাফা
- (ঝ) সরকারি উকিল
- (ঞ) অস্থাবর সম্পত্তি

০২. দেওয়ানি মামলা কীভাবে দায়ের করতে হয়? আরজিতে কী কী বিবরণ অন্তর্ভুক্ত করতে হয়? স্থাবর সম্পত্তি সংক্রান্ত মামলা কোন আদালতে দায়ের করতে হয়?
০৩. সেট-অফ (set-off) বলতে কী বোঝেন? অনুরূপ ওজর কখন তোলা যায়? বাদীর মামলার দাবির গুণাগুণ বিচারে এর আইনগত মূল্য কতটুকু? দেওয়ানি কার্যবিধির সংশ্লিষ্ট বিধান উল্লেখ করে উদাহরণসহ আলোচনা করুন।
০৪. দেওয়ানি কার্যবিধির ৩৩ আদেশের ১ বিধি মোতাবেক কোন ব্যক্তিকে নিঃস্ব বলে গণ্য করা যাবে? নিঃস্ব ব্যক্তি কর্তৃক মামলা দায়ের সংক্রান্ত বিধানসমূহ আলোচনা করুন।
০৫. কোন ধরনের দেওয়ানি মোকদ্দমায় রায়ের আগে বিবাদীর সম্পত্তি ক্রোক করার প্রার্থনা করা যায়? অনুরূপ ক্রোকের অধ্যাদেশ লাভের জন্য কী কী শর্ত পূরণ করতে হয়? কোন ধরনের সম্পত্তি রায়ের আগে ক্রোকযোগ্য নয়? কোন আদালতের স্থাবর সম্পত্তি ক্রোকের আদেশ দানের ক্ষমতা নেই? দেওয়ানি কার্যবিধির সংশ্লিষ্ট বিধানের আলোকে আলোচনা করুন।

৩য় বিজেএস লিখিত পরীক্ষা, ২০০৭

[যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন; সকল প্রশ্নের মান সমান: ৩×২০=৬০]

০১. কখন আরজি এবং লিখিত জবাব সংশোধন করার আবেদন করা যায়? কী কী কারণে উক্ত আবেদন মঞ্জুর বা না-মঞ্জুর করা যায়? সংশ্লিষ্ট বিধানসমূহের আলোকে আলোচনা করুন।
০২. (ক) আদালতের সহজাত ক্ষমতা বলতে কী বোঝেন? কখন এ প্রকার ক্ষমতা প্রয়োগ করা যায় উদাহরণসহ ব্যাখ্যা করুন।
(খ) অস্থায়ী নিষেধাজ্ঞা কখন একটি মামলায় মঞ্জুর করা যেতে পারে?
০৩. বিকল্প বিরোধ নিষ্পত্তি বলতে কী বোঝায়? মধ্যস্থতার মাধ্যমে বিরোধ নিষ্পত্তির বিধানসমূহ আলোচনা করুন।
০৪. রেস-সাবজুডিস এবং রেস জুডিকাটার মধ্যে পার্থক্য সংশ্লিষ্ট বিধান উল্লেখপূর্বক আলোচনা করুন। একতরফা কি রেস-জুডিকাটা হিসাবে কাজ করে?
০৫. রায় এবং ডিক্রি এর মধ্যে পার্থক্য নির্ণয় করুন। কোন কোন ক্ষেত্রে একটি আরজি ফেরত ও বাতিল করা হয়?

The Specific Relief Act, 1877

১৮শ বিজেএস পরীক্ষা, ২০২৫

‘ক’ অংশ: যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন (৩×২০=৬০)

০৫. (ক) প্রকৃত দখল (actual possession) এবং আইনগত বা পরোক্ষ দখল (constructive possession)-এর মধ্যে পার্থক্য নির্ণয়সহ The Specific Relief Act, 1877 এর ধারা ৯ অনুযায়ী ‘দখল’ (possession)-এর পরিধি ও সীমাবদ্ধতা বিষয়ে আলোচনা করুন।
- (খ) মি. আসিফ ২০১৫ সালে তার পিতার কাছ থেকে নিবন্ধিত হেবা দলিলের মাধ্যমে X গ্রামে ২ একর জমির মালিক হয়েছেন দাবি করেন। কিন্তু ২০১৮ সালে মি. করিম উক্ত জমির আরএস রেকর্ড নিজ নামে করিয়ে জমির দখল নেন এবং চারিদিকে বাউন্ডারি ওয়াল নির্মাণে এর একাংশ ভাড়া দেন। মি. আসিফ শুধুমাত্র উক্ত জমিতে তার স্বত্ব ঘোষণার জন্য মামলা দায়ের করেন, যেখানে তিনি দখল পুনরুদ্ধার বা আরএস রেকর্ড বাতিলের কোনো প্রার্থনা করেননি। বিচার পর্যায়ে দৃষ্ট হয় যে, মি. আসিফ নালিশি ভূমির দখলে নেই, বরং মি. করিম সম্পূর্ণ নিয়ন্ত্রণে আছেন। দখল পুনরুদ্ধারের প্রার্থনা ব্যতীত মি. আসিফের মামলাটি রক্ষণীয় কি না-সিদ্ধান্ত দিন। যদি তিনি আরজি সংশোধনের মাধ্যমে দখল পুনরুদ্ধারের প্রার্থনা যুক্ত করেন, তাহলে মামলার গ্রহণযোগ্যতা ও বিচার কীভাবে প্রভাবিত হবে?
- (গ) কোন কোন কারণে আদালত একটি চুক্তি বাতিল করতে পারে তা Specific Relief Act, 1877 এর সংশ্লিষ্ট বিধান উল্লেখে বর্ণনা করুন। চুক্তি বাতিল করা কি একটি অধিকার, নাকি আদালতের বিবেচনাধীন ক্ষমতা?

১৭শ বিজেএস পরীক্ষা, ২০২৪

‘ক’ অংশ: যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন

০৫. (ক) The Specific Relief Act, 1877 এর বিধানানুসারে কোন কোন অবস্থায় একটি দলিল বাতিল করা যায়? উদাহরণসহ ব্যাখ্যা করুন।
- (খ) নাবালক K এর সম্পত্তি ২ লক্ষ টাকায় বিক্রয়ের জন্য তার অননুমোদিত অভিভাবক L, M এর সাথে বিক্রয় চুক্তির দলিল নিবন্ধন করেন এবং ১ লক্ষ টাকা গ্রহণ করেন। কিন্তু K সাবালকত্ব অর্জনের পর নির্দিষ্ট তামাদি মেয়াদেই দলিলটি বাতিলের জন্য মোকদ্দমা দায়ের করেন। দলিলটি বাতিলযোগ্য কি? M এর কোনো প্রতিকার আছে কি? The Specific Relief Act, 1877 এর বিধানানুসারে উত্তর দিন।
- (গ) The Specific Relief Act, 1877 এর বিধানানুসারে কখন নিষেধাজ্ঞা প্রত্যাখ্যান করা যেতে পারে?

১৬শ বিজেএস পরীক্ষা, ২০২৩

‘ক’ অংশ: যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন (৩×২০=৬০)

০৫. (ক) ‘সুনির্দিষ্ট কার্য সম্পাদনের ডিক্রি প্রদানের এখতিয়ার বিবেচনামূলক’- The Specific Relief Act, 1877 এর বিধানানুযায়ী উদাহরণসহ ব্যাখ্যা করুন।

(খ) K স্বাভাবিক স্নেহ-ভালোবাসার বশবর্তী হয়ে তার ভ্রাতাগণ ও ভ্রাতাগণের সন্তানদেরকে নির্দিষ্ট সম্পত্তি পত্তন দেন এবং পরবর্তীতে একই সম্পত্তি একজন আগন্তকের নিকট বিক্রয় করার জন্য চুক্তিবদ্ধ হন। K এই চুক্তির সুনির্দিষ্ট কার্য সম্পাদন কার্যকর করতে পারেন কি? The Specific Relief Act, 1877 এর প্রাসঙ্গিক বিধান উল্লেখে সংক্ষেপে আলোচনা করুন।

(গ) K, L এর নিকট নির্দিষ্ট জমি ৫০,০০০/= টাকায় বিক্রয় করার চুক্তি করলো। পরবর্তীতে K ৬০,০০০/= টাকার বিনিময়ে ঐ জমি M কে প্রদান করলেন। M মূল চুক্তি সম্পর্কে অবগত ছিলেন। L, M এর বিরুদ্ধে চুক্তির সুনির্দিষ্ট কার্যসম্পাদন করতে পারেন কি?

১৫শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০২২

[এ আইন থেকে ২০ মার্কসের ১টি প্রশ্ন আসে; প্রশ্নের মান ২০]

০১. (ক) কখন একটি দলিল সংশোধন করা যেতে পারে? দলিল সংশোধনের নীতি কী? ৮

(খ) চিরস্থায়ী ও বাধ্যতামূলক নিষেধাজ্ঞা কখন মঞ্জুর করা যায়? ৮

(গ) একজন হিন্দু বিধবা মৃত স্বামীর সম্পত্তি দখলভোগ করাকালে যুক্তিসঙ্গত কারণ ছাড়াই সম্পত্তির কোনো ক্ষতি করলে ভারী উত্তরাধিকারীদের (Reversioners) প্রতিকার কী? ৪

১৪শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০২১

[এ আইন থেকে ২০ মার্কসের ১টি প্রশ্ন আসে; প্রশ্নের মান ২০]

০১. (ক) The Specific Relief Act, 1877 অনুসারে সংক্ষিপ্ত টীকা লিখুন: ৬×২=১২

(i) Solatium;

(ii) নিবারণমূলক প্রতিকার;

(খ) The Specific Relief Act, 1877 এর ৪২ ধারায় উল্লিখিত ‘legal character’ বলতে কী বোঝায়? A, B এর স্বত্ব অস্বীকারপূর্বক B কে একখণ্ড জমি থেকে বেদখল করেন। B সংস্কৃদ্ধ হয়ে উক্ত সম্পত্তিতে তার স্বত্ব আছে মর্মে ঘোষণা পাওয়ার জন্য মামলা করেন। The Specific Relief Act, 1877 এর সংশ্লিষ্ট ধারার উদ্ধৃতি দিয়ে উক্ত মামলার আইনগত পরিণতি বর্ণনা করুন। ৩+৫

১৩শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৯

[The Specific Relief Act, 1877 থেকে ২০ মার্কসের ১টি প্রশ্ন আসে]

০১. (ক) The Specific Relief Act, 1877 এর ৪২ ধারায় ঘোষণামূলক ডিক্রি লাভের আবশ্যিকীয় শর্তাবলি কী? উক্ত ধারা অনুযায়ী নেতিবাচক ঘোষণার (Negative Declaration) প্রার্থনা করা যায় কি? উদাহরণসহ আলোচনা করুন। ১০

(খ) একজন শেয়ার হোল্ডার বিবাদীর নামে কতক শেয়ার বণ্টন বাতিল বলে ঘোষণামূলক ডিক্রির প্রার্থনায় মামলা করতে পারেন কি? ০৫

(গ) A একজন আইনজীবী। একজন হিন্দু বিধবা B তার মক্কেল। B এর পাওনাদারকে প্রতারণার মাধ্যমে ঠাকানোর উদ্দেশ্যে A, B-কে তার সম্পত্তি A বরাবর হস্তান্তর করতে প্ররোচিত করেন। A বরাবর B হস্তান্তরের দলিল করে দেন। B হস্তান্তরের দলিলটির বিষয়ে A-এর বিরুদ্ধে কোনো প্রতিকার প্রার্থনা করতে পারেন কি? ০৫

১২শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৮

[২০ মার্কসের ১টি প্রশ্ন এসেছিল]

০১. (ক) The Specific Relief Act, 1877 এর ৮ ও ৯ ধারার মধ্যে পার্থক্যগুলো কী কী? ৫

(খ) দলিল সংশোধনী সম্পর্কিত আইনের বিধানাবলি আলোচনা করুন। ১০

(গ) কখন দলিল বাতিলের আদেশ দেওয়া যেতে পারে? ৫

১১শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৭

[৩টি প্রশ্ন এসেছিল; প্রতিটি প্রশ্নের মান ২০]

০১. (ক) বাদী তার মামলা যথাযথভাবে প্রমাণ করা সত্ত্বেও আদালত কখন একটা চুক্তি সুনির্দিষ্টভাবে পালনের আদেশ প্রদানে বিরত থাকতে পারেন? The Specific Relief Act, 1877 এর সুনির্দিষ্ট বিধানের আলোকে বিস্তারিত আলোচনা করুন। ১০

(খ) ‘ক’ আদালতে একটি দলিল তার উপর বাধ্যকর নয় মর্মে ঘোষণামূলক মামলায় এ অভিযোগ করেন যে, তাকে দাতা দেখিয়ে ‘খ’ যে দলিল করেছে সেটি তিনি সম্পাদন করেননি। তর্কিত দলিলটি বাতিল না চাওয়ায় আদালত মোকদ্দমাটি খারিজ করে দেয়। আদালতের সিদ্ধান্তের সাথে একমত কি? সংশ্লিষ্ট বিধান উল্লেখে আলোচনা করুন। ১০

০২. কোন শ্রেণির মামলায় বাদী তার বিবেচনা অনুযায়ী মূল্য নির্ধারণ করতে পারে? কীসের ভিত্তিতে নিম্নবর্ণিত মামলাগুলোর মূল্যায়ন নির্ধারণ করা হয়: ৪×৫=২০

(ক) আনুষঙ্গিক প্রতিকারসহ ঘোষণামূলক মামলা;

(খ) ভাড়াটিয়া হতে দখল পুনরুদ্ধারের মামলা;

(গ) বাদীর দখলে থাকা যৌথ সম্পত্তি বণ্টনের মামলা;

(ঘ) ডিক্রি রদের মামলা।

০৩. 'ক' এর দখলে একখণ্ড জমি ছিল। যা তার পৈত্রিক সম্পত্তি। তার প্রভাবশালী প্রতিবেশী কর্তৃক তিনি বেদখল হন; যিনি দাবি করেন যে তিনি 'ক' এর পিতার নিকট হতে জমিটি খরিদ করেছেন। 'ক' এর মতে দলিলটি জাল ও প্রতারণামূলক। The Specific Relief Act, 1877 এর সুনির্দিষ্ট বিধান মোতাবেক 'ক' এর প্রতিকারসমূহ আলোচনা করুন।

২০

১০শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৫

[২টি প্রশ্ন এসেছিল; প্রতিটি প্রশ্নের মান ২০]

০১. কোন চুক্তিসমূহ সুনির্দিষ্টভাবে কার্যকর করা যায় এবং কোন চুক্তিসমূহ সুনির্দিষ্টভাবে কার্যকর করা যায় না? সংশ্লিষ্ট আইন উল্লেখে উদাহরণসহ আলোচনা করুন। কোন কোন ক্ষেত্রে আদালত সুনির্দিষ্ট কার্যসম্পাদনের জন্য ডিক্রি প্রদান না করার ব্যাপারে ইচ্ছাধীন ক্ষমতা প্রয়োগ করতে পারে?
০২. (ক) ঘোষণামূলক ডিক্রি বলতে কী বোঝায়? আদালত কোন কোন ক্ষেত্রে ঘোষণামূলক ডিক্রি প্রদান করতে পারেন?
- (খ) “আদালত এমন কোনো ঘোষণা প্রদান করবেন না যেখানে বাদী শুধু স্বত্ব ঘোষণা ছাড়াও আরও প্রতিকার প্রার্থনা করতে পারতেন- কিন্তু তা করেন নাই।” সুনির্দিষ্ট প্রতিকার আইনের বিধানাবলির আলোকে বিষয়টি উদাহরণসহ আলোচনা করুন।

৯ম বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৪

[২টি থেকে ১টি প্রশ্নের উত্তর করতে হবে; প্রতিটি প্রশ্নের মান ২০]

০১. (ক) কোন কোন মামলায় এবং কোন কোন পরিস্থিতিতে ঘোষণামূলক ডিক্রি দেওয়া যেতে পারে? এর ব্যতিক্রমসমূহ কী কী?
- (খ) 'X' ১০ শতক জমিতে তার স্বত্ব ঘোষণার জন্য মামলা করে। সে অভিযোগ করে যে, 'Y' তৎক্ষণাতঃ দ্বারা অলিখিত স্ট্যাম্প কাগজে তার সেই নেয় এবং পরবর্তীতে 'Y' ঐ ১০ শতক জমির বাবদ একটি বিক্রয় দলিল তৈরি করে এবং তাকে (X) ১০ শতকের মধ্যে ৫ শতক হতে বেদখল করে। 'X' -কে কি তার প্রার্থিত প্রতিকার দেওয়া যেতে পারে? যুক্তিসহ উত্তর দাও।
০২. (ক) কে চুক্তি রদ করতে পারে? কখন উক্তরূপ রদ আদালত কর্তৃক সাব্যস্ত হতে পারে?
- (খ) বাদী 'A' বিবাদী 'B', 'C', 'D' এবং 'E' এর বর্গাদার। বিবাদীদের স্বত্ব সংক্রান্ত বিষয়াবলি জ্ঞান থেকে বাদী 'A' ০৯/০৯/১৯৭৮ তারিখে রেজিস্ট্রিকৃত দলিলমূলে ১০,০০০/= টাকার বিনিময়ে ৬৩ শতক জমি ক্রয় করে। পরবর্তীতে, নিরীক্ষাক্রমে বাদীর অবগতিতে আসে যে, তার খরিদা জমিতে বিবাদীগণ শুধুমাত্র ১/৪ অংশের মালিক ছিল এবং সে কারণে অবশিষ্ট ৩/৪ অংশের জমিতে বাদীর কোনো স্বত্ব অর্জিত হয়নি। তাই বাদী বিবাদীগণের নিকট হতে বিনিময় মূল্যের ৭,৫০০/= টাকা ফেরত পাওয়ার জন্য 'অর্থ মামলা' করে। বিচারকালে এরূপ যুক্তি উপস্থাপিত হয় যে, মামলাটি সুনির্দিষ্ট প্রতিকার আইন, ১৮৭৭ এর ৩৫ ধারায় বারিত এবং মূল মালিকগণ এদেশ ছেড়ে ভারতে চলে যাওয়ার কারণে বিবাদীগণের দখলীয় ৩/৪ অংশ জমি অপরিত সম্পত্তিতে পরিণত হয়েছে। কিন্তু উক্তরূপ দাবির সমর্থনে কোনো সাক্ষ্য-প্রমাণ উপস্থাপিত হয়নি। বাদী কি চুক্তি রদের অজুহাতে বিনিময় মূল্য ফেরত পেতে অধিকারী? ব্যাখ্যা কর।

৮ম বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৩

[২টি থেকে ১টি প্রশ্নের উত্তর করতে হবে; প্রতিটি প্রশ্নের মান ২০]

০১. (ক) স্থাবর সম্পত্তি সংক্রান্ত চিরস্থায়ী নিষেধাজ্ঞার ডিক্রির জন্য আনীত মোকদ্দমায় কী কী মৌলিক বিষয় প্রমাণ করা আবশ্যিক?
- (খ) একটি সম্পত্তিতে 'A' এর স্বত্ব আছে, কিন্তু কোনো দখল নেই। 'A' কি উক্ত সম্পত্তিতে শুধুমাত্র স্বত্ব ঘোষণার ডিক্রি পেতে পারে? সংশ্লিষ্ট আইনের উল্লেখপূর্বক আলোচনা কর।
০২. নিম্নলিখিত বিষয়গুলোর উপর টীকা লিখ:
- (ক) প্রতিরোধমূলক প্রতিকার
- (খ) রিসিভার নিয়োগ
- (গ) ঘোষণামূলক ডিক্রি
- (ঘ) দলিল সংশোধন

৭ম বিজেএস লিখিত পরীক্ষা, ২০১২

[২টি থেকে ১টি প্রশ্নের উত্তর করতে হবে; প্রতিটি প্রশ্নের মান ২০]

০১. (ক) কোন কোন উপায়ে একটি দেওয়ানি আদালত সুনির্দিষ্ট প্রতিকার/প্রতিকারসমূহ মঞ্জুর করতে পারে?
- (খ) কোনো সুনির্দিষ্ট স্থাবর সম্পত্তির খাস দখল উদ্ধারের মামলায় কোন কোন বিষয়গুলো প্রমাণ করতে হবে? সরকারের বিরুদ্ধে খাস দখল উদ্ধারের মামলা করা যায় কি? এরূপ মামলায় প্রদত্ত ডিক্রির বিরুদ্ধে সংক্ষুব্ধ বিবাদী কী কী প্রতিকার চাইতে পারে?
- (গ) সুনির্দিষ্ট কোনো স্থাবর সম্পত্তির খাস দখল উদ্ধারের মামলা খারিজ হওয়ার পর উক্ত খারিজ আদেশ সংবলিত রায়টি রদ ও রহিতের প্রার্থনা না করে, বাদী নতুনভাবে একই বিষয়বস্তু নিয়ে মামলা দায়ের করতে পারে কি? প্রাসঙ্গিক আইন উল্লেখে আলোচনা করুন।
০২. (ক) দলিল বাতিলকরণের (Cancellation) মামলা এবং দলিল অবৈধ (Void) ঘোষণা চেয়ে কেবল ঘোষণামূলক মামলার পার্থক্যমূলক বৈশিষ্ট্যগুলো কী কী? কোনো দলিলের তফসিলে বর্ণিত ভূমিতে দখল না থাকা সত্ত্বেও বাদীর দায়েরকৃত উক্ত দলিল বাতিলের কেবলমাত্র ঘোষণামূলক মামলা আইনত রক্ষণীয় কি? যুক্তিসহ আলোচনা করুন।
- (খ) 'ক' একটি মামলায় তার দাবিকৃত স্ত্রী 'খ' এবং মাতা 'গ' এর বিরুদ্ধে এই মর্মে ঘোষণার প্রার্থনা করে যে, 'খ' এর সাথে তার বিবাহ যথাযথভাবে সম্পন্ন হয়েছিল। আদালত প্রার্থিত মতে ঘোষণা প্রদান করেন। 'ঘ', 'খ'-কে তার স্ত্রী দাবি করে দাম্পত্য স্বত্ব উদ্ধারের জন্য তার (খ) বিরুদ্ধে

মামলা করে। পূর্ববর্তী মামলায় ‘ক’ এর অনুকূলে যে ঘোষণামূলক ডিক্রি দেয়া হয়েছিল তা ‘ঘ’ এর উপর বাধ্যকর হবে কি? প্রাসঙ্গিক বিধান উল্লেখপূর্বক মতামত দিন।

৬ষ্ঠ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১১

[২টি থেকে ১টি প্রশ্নের উত্তর করতে হবে; প্রতিটি প্রশ্নের মান ২০]

০১. (ক) “সুনির্দিষ্ট প্রতিকার আইনের অধীনে ডিক্রি প্রদানের ক্ষমতা আদালতের বিবেচনামূলক ক্ষমতা”— ব্যাখ্যা করুন।

(খ) ‘X’ একখণ্ড জমি বিক্রয়ের প্রস্তাব দেয়। ‘Y’ তা খরিদ করতে সম্মত হয়। সে মতে তাদের মধ্যে একটি চুক্তিনামা হয়। বন্যা হতে ঐ জমি রক্ষা করার জন্য জমির মালিককে জমির চারপাশে বায়বহুল বাঁধ নির্মাণ করা জরুরি। ‘Y’ বিষয়টি জানত না এবং ‘X’ বিষয়টি তার কাছে গোপন রেখেছে। ‘X’ চুক্তি কার্যকর করার জন্য ‘Y’ এর বিরুদ্ধে চুক্তি প্রবলের ডিক্রি পেতে পারে কি? যুক্তিসহ উত্তর দিন।

০২. (ক) কোন চুক্তি কার কার বিরুদ্ধে সুনির্দিষ্টভাবে বলবৎ করা যায় এবং কার কার বিরুদ্ধে যায় না?

(খ) ‘ক’ তার একখণ্ড জমি ৮ লক্ষ টাকায় ‘খ’ এর নিকট বিক্রয়ের জন্য চুক্তিবদ্ধ হয়। ‘খ’ চুক্তিমূলে ঐ জমির দখল পায়। পরবর্তীতে ‘ক’ তা ১২ লক্ষ টাকায় ‘গ’ এর নিকট বিক্রি করে দেয়। জমিতে ‘খ’ এর স্বার্থ সম্পর্কে ‘গ’ কোনো খোঁজখবর নেয় নাই। এমতাবস্থায় ‘খ’ কি ‘গ’ এর বিরুদ্ধে চুক্তিটি বলবৎ করতে পারবে? কোন আইন দ্বারা উপরোক্ত ঘটনা নির্ধারিত হবে? আলোচনা করুন।

৫ম বিজেএস লিখিত পরীক্ষা, ২০১০

[২টি থেকে ১টি প্রশ্নের উত্তর করতে হবে; প্রতিটি প্রশ্নের মান ২০।

০১. কোন কোন চুক্তি সুনির্দিষ্টভাবে কার্যকরযোগ্য এবং কোনগুলো উত্তরূপে কার্যকরযোগ্য নয়? সংশ্লিষ্ট বিধান উল্লেখপূর্বক আলোচনা করুন।

০২. ‘ক’ একখণ্ড জমির মালিক। কিন্তু জরিপ কর্মচারীদের ভুলে ঐ জমি ‘খ’ এর নামে রেকর্ড হয়েছে এবং সে সুযোগে ‘খ’ ঐ জমি থেকে ‘ক’ কে বদখল করেছে। ‘ক’ এর প্রতিকার কী? সংশ্লিষ্ট বিধান উল্লেখপূর্বক যুক্তিসহ উত্তর দিন।

৪র্থ বিজেএস লিখিত পরীক্ষা, ২০০৮

[২টি থেকে ১টি প্রশ্নের উত্তর করতে হবে; প্রতিটি প্রশ্নের মান ২০]

০১. সুনির্দিষ্ট প্রতিকার আইনের আওতায় কীভাবে সুনির্দিষ্ট প্রতিকার প্রদান করা যায়? সুনির্দিষ্ট প্রতিকার আইনে স্থাবর সম্পত্তি দখল পুনরুদ্ধারের জন্য কী বিধান আছে? ধারা উল্লেখ করে আলোচনা করুন।

০২. দেওয়ানি আদালত কখন চিরস্থায়ী নিষেধাজ্ঞার ডিক্রি দিয়ে থাকেন? কোন কোন ক্ষেত্রে আদালত অনুরূপ ডিক্রি দিতে অস্বীকার করতে পারেন? উদাহরণসহ সুনির্দিষ্ট প্রতিকার আইনের সংশ্লিষ্ট ধারা উল্লেখ করে আলোচনা করুন।

৩য় বিজেএস লিখিত পরীক্ষা, ২০০৭

[২টি থেকে ১টি প্রশ্নের উত্তর করতে হবে; প্রতিটি প্রশ্নের মান ২০]

০১. কোন চুক্তিসমূহ বলবৎ করা যায় এবং কোন চুক্তিসমূহ বলবৎ করা যায় না? উদাহরণসহ সংশ্লিষ্ট ধারা উল্লেখপূর্বক আলোচনা করুন। কী কী কারণে চুক্তি আইনসংগত ও বলবৎযোগ্য হওয়া সত্ত্বেও আদালত, ডিক্রি প্রদানে অস্বীকার করতে পারেন?

০২. নিম্নের যে-কোনো দুইটির উপর টীকা লিখুন:

- (ক) বাধ্যতামূলক নিষেধাজ্ঞা;
- (খ) দলিল বাতিল;
- (গ) ঘোষণামূলক ডিক্রি;
- (ঘ) দলিল সংশোধন।

The Limitation Act, 1908

১৮শ বিজেএস পরীক্ষা, ২০২৫

‘খ’ অংশ: যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দিন (২×২০=৪০)

০৭. (ক) The Limitation Act, 1908 এর অধীনে মামলা, আপিল বা আবেদন দায়েরের জন্য নির্ধারিত সময়সীমা গণনা করার মৌলিক বিধানগুলো আলোচনা করুন।

১০

(খ) ২০২৫ সালের ২০ মে বাদী A, সিভিল জজ আদালতে একটি স্বত্ব ঘোষণার প্রার্থনায় মোকদ্দমা দায়ের করেন। এই মোকদ্দমা দায়েরের আইনি সময়সীমা ২০২৫ সালের ২০ অক্টোবর পর্যন্ত ছিল। ২০২৫ সালের ১ নভেম্বর A জানতে পারেন, যে আদালতে তিনি মামলাটি দায়ের করেছিলেন, সেখানে বিষয়টির আঞ্চলিক বা আর্থিক এখতিয়ার নেই। ফলে A প্রথম মামলাটি প্রত্যাহার করে যথাযথ এখতিয়ারসম্পন্ন আদালতে ২০২৫ সালের ২৫ নভেম্বর মামলাটি দায়ের করেন। মামলার সাথে তিনি ২০২৫ সালের ২০ অক্টোবর (সময়সীমা শেষ হওয়ার তারিখ) থেকে ২০২৫ সালের ২৫ নভেম্বর (নতুন করে দায়েরের তারিখ) পর্যন্ত বিলম্ব মওকুফের আবেদন দাখিল করেন। আদালত কি এই বিলম্ব মওকুফের প্রার্থনা মঞ্জুর করতে পারেন? The Limitation Act, 1908 এর সংশ্লিষ্ট বিধান উল্লেখ করে উত্তর দিন।

৫

(গ) The Limitation Act, 1908 এর অনুচ্ছেদ ৯১ ও ১২০-এর মৌলিক পার্থক্যগুলো বিশ্লেষণ করুন।

৫

১৭শ বিজেএস পরীক্ষা, ২০২৪

‘খ’ অংশ: যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দিন

০৭. (ক) The Limitation Act, 1908 এর ৬ ও ১৭ ধারার বৈশিষ্ট্যসমূহ আলোচনা করুন।

- (খ) K, L এর বিরুদ্ধে মোকদ্দমা করার জন্য ০২/০৭/২০২৪ তারিখ সংশ্লিষ্ট আদালতের সেরেস্তায় আরজি জমা দেন। কিন্তু কোর্ট ফি পর্যাপ্ত না হওয়ায় সেরেস্তাদার আরজিটি রেজিস্ট্রিভুক্ত করেননি। পরবর্তীতে ০৪/০৭/২০২৪ তারিখে দেখা যায় যে, মোকদ্দমাটির তামাদির সময় অতিক্রান্ত হয়ে গেছে। এক্ষেত্রে আরজিটির আইনগত পরিণতি কী? The Limitation Act, 1908 এর বিধানানুসারে উত্তর দিন।
- (গ) The Limitation Act, 1908 এর বিধানানুসারে একটি চলমান মোকদ্দমায় নতুন বাদী বা বিবাদীপক্ষের সংযোগ বা প্রতিস্থাপনের প্রভাব সংক্ষেপে আলোচনা করুন।

১৬শ বিজেএস পরীক্ষা, ২০২৩

‘খ’ অংশ: যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দিন (২×২০=৪০)

০৭. (ক) "প্রতারণা বিষয়ে প্রথম জ্ঞাত হওয়ার সময় থেকে তামাদি গণনা শুরু হবে।"-ব্যাখ্যা করুন।
- (খ) The Limitation Act, 1908 এর বিধান বিশেষ আইনসমূহের ক্ষেত্রে কতটুকু প্রযোজ্য? ব্যাখ্যা করুন।
- (গ) X, Y এর নিকটে একটি স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য ০১/০১/২০১১ তারিখে নিবন্ধিত বায়নাচুক্তি করেন। চুক্তিনামায় হস্তান্তর দলিল নিবন্ধনের কোনো সময় উল্লেখ করা হয়নি। Y ০১/০৯/২০২১ তারিখে চুক্তিনামায় উল্লিখিত অবশিষ্ট অর্থ গ্রহণে X কে বিক্রয় দলিল নিবন্ধনের জন্য অনুরোধ করেন। X বিক্রয় দলিল নিবন্ধনে নানা অজুহাতে বিলম্ব করতে থাকেন এবং অবশেষে ০১/০১/২০২২ তারিখে বিক্রয় দলিল নিবন্ধনে অস্বীকৃতি জানান। Y বায়নাচুক্তি বলবৎকরণের জন্য ০১/১০/২০২২ তারিখে মোকদ্দমা দায়ের করেন। মোকদ্দমাটি তামাদি বারিত কি? প্রাসঙ্গিক আইনের আলোকে উত্তর দিন।

১৫শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০২২

[২০ মার্কসের ১টি প্রশ্ন এসেছে]

০১. (ক) The Limitation Act, 1908 প্রণয়নের প্রেক্ষাপট কী? উক্ত আইনের ধারা ৫ এবং ১৪ এর মধ্যে মৌলিক পার্থক্য লিখুন। ৩+৭
- (খ) The Limitation Act, 1908 অনুযায়ী তামাদি গণনার ক্ষেত্রে 'বৈধ অপারগতা' এর প্রভাব আলোচনা করুন। ৫
- (গ) 'U' ও 'L' একটি জমির যথাক্রমে উপরিভাগের ও ভূ-গর্ভের মালিক। উপরিভাগের ক্ষতিসাধন না করে 'L' ভূ-গর্ভ থেকে ২৩/০৫/২০১০ তারিখে কয়লা উত্তোলন শুরু করেন। কিন্তু ২৬/০৯/২০২০ তারিখে জমিটির উপরিভাগ ধসে পড়া শুরু করে এবং ২৫/১০/২০২০ তারিখে একেবারেই ধসে যায়। এক্ষেত্রে "L" এর বিরুদ্ধে "U" এর মোকদ্দমা করার তামাদি গণনা কখন থেকে শুরু হবে? ৫

১৪শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০২১

[২০ মার্কসের ১টি প্রশ্ন এসেছে]

০১. (ক) পর্যাপ্ত কারণ (sufficient cause)-এর ধারণাটি বিশ্লেষণ করুন। বিশেষ আইনের ক্ষেত্রে The Limitation Act, 1908 কতটুকু কার্যকর হবে? The Limitation Act, 1908 এর প্রাসঙ্গিক বিধান উল্লেখপূর্বক আলোচনা করুন। ১২
- (খ) একটি দেওয়ানি মোকদ্দমায় রায় প্রচারিত হয় ১০/০৯/২০১৫ খ্রিঃ তারিখ। ডিক্রি প্রস্তুত হয় ১৬/০৯/২০১৫ খ্রিঃ তারিখ। ডিক্রিতে রায়ের প্রতিফলন না ঘটায় ডিক্রিদার ৩০/০৯/২০১৫ খ্রিঃ তারিখে ডিক্রি সংশোধনের নিমিত্ত একটি দরখাস্ত দাখিল করলে ৩০/১০/২০১৫ খ্রিঃ তারিখে তা সংশোধিত হয়। ডিক্রি জারির মামলাটি দায়ের করা হয় ৩০/১০/২০১৮ খ্রিঃ তারিখে। উক্ত ডিক্রি জারির মামলাটি তামাদি বারিত কি? The Limitation Act, 1908 এর প্রাসঙ্গিক বিধান উল্লেখপূর্বক উত্তর দিন। ০৮

১৩শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৯

[২০ মার্কসের ১টি প্রশ্ন এসেছিল]

০১. (ক) The Limitation Act, 1908 এর অধীনে 'Easement Right' অর্জনের বিষয়ের উপর একটি টীকা লিখুন। Easement Right অর্জনের মামলা দায়ের করার জন্য নির্ধারিত তামাদি মেয়াদ কত? ৮
- (খ) The Limitation Act, 1908 এর ১২ ধারার আলোকে তামাদি মওকুফের পরিধি আলোচনা করুন। এই আইনের ৫ ধারায় বর্ণিত বিলম্ব মওকুফ ও ১২ ধারায় উল্লিখিত বিলম্ব মওকুফের পার্থক্য উদাহরণের সাহায্যে ব্যাখ্যা করুন। ১২

১২শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৮

[২০ মার্কসের ১টি প্রশ্ন এসেছিল]

০১. (ক) তামাদি সময় গণনার সাধারণ বিধিগুলো কী? তামাদি সময় বর্ধিতকরণের পদ্ধতি উল্লেখ করুন। ১০
- (খ) কোনো মোকদ্দমায় তামাদি সময় গণনায় প্রতারণার ফলাফল কী? আইনের সংশ্লিষ্ট বিধান উল্লেখ করে আলোচনা করুন। ০৫
- (গ) The Limitation Act, 1908 এর তফসিলে বর্ণিত অনুচ্ছেদ ১৪২ ও ১৪৪ এর মধ্যে মৌলিক পার্থক্য কী? ০৫

১১শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৭

[২০ মার্কসের ১টি প্রশ্ন এসেছিল]

০১. বিলম্ব মওকুফ এর নীতিটি ব্যাখ্যা করুন। আপিল কিংবা দরখাস্ত দাখিলের ক্ষেত্রে আদালত কোন কোন কারণে বিলম্ব মওকুফ করতে পারে? বিশেষ আইনের ক্ষেত্রে উক্ত বিধান কি প্রযোজ্য? প্রাসঙ্গিক বিধান উল্লেখ করে উত্তর দিন। ২০

১০শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৫

[২০ মার্কসের ১টি প্রশ্ন এসেছিল]

০১. নিম্নলিখিত বিষয়ে আইনগত কার্যধারা রুজুর জন্য তামাদি গণনার বিধানাবলি বর্ণনা করুন: ৪×৫=২০
- (ক) প্রতারণার অভিযোগ থাকলে।

- (খ) তামাদি আইনের তফসিলে তামাদি সীমার উল্লেখ নাই এরকম মোকদ্দমার ক্ষেত্রে।
 (গ) স্থাবর সম্পত্তির স্বত্ত্ব প্রচার ও দখল উদ্ধারের মোকদ্দমার ক্ষেত্রে।
 (ঘ) চুক্তি প্রবলের মোকদ্দমার ক্ষেত্রে।
 (ঙ) দরখাস্ত দাখিলের ক্ষেত্রে তামাদির সময়সীমা উল্লেখ না থাকলে।

৯ম বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৪

[৩টি প্রশ্ন এসেছিল; প্রশ্নের মান ২০]

০১. (ক) তামাদি আইন, ১৯০৮ এর উদ্দেশ্য আলোচনা কর।
 (খ) “তামাদি আইন একটি পদ্ধতিগত আইন” তোমার উত্তরের যথার্থতা নিরূপণ কর।
 ০২. নিম্নলিখিত ক্ষেত্রসমূহে আইনগত পরিণতি কী হতে পারে? উদাহরণসহ উত্তর দাও।
 (i) আপিলের মেয়াদ আদালতের ছুটির দিনে শেষ হলে;
 (ii) আপিল আদালত কর্তৃক তামাদি বারিত হইলে গৃহীত ও নিষ্পত্তিকৃত হলে;
 (iii) তামাদি বারিত আপিলের ক্ষেত্রে আপিলকারী যদি তার বিলম্বের যৌক্তিক কারণ দেখাতে পারে।
 ০৩. নিম্নলিখিত বিষয়ে সময়কাল বাদ দিয়ে তামাদি গণনার বিধানাবলি কী?
 (i) আইনগত কার্যধারা;
 (ii) যখন কার্যক্রম স্থগিত থাকে;
 (iii) যখন বিবাদী বাংলাদেশের বাইরে অবস্থান করে;
 (iv) যখন বাদী সৎ উদ্দেশ্যে এখতিয়ার বহির্ভূত আদালতে দেওয়ানি মামলা পরিচালনা করে।

৮ম বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৩

[৩টি প্রশ্ন এসেছিল; প্রশ্নের মান ২০]

০১. (ক) সময় শেষ হওয়ার আগেই কোনো নির্দিষ্ট ব্যক্তির দায় স্বীকার কখন এবং কীভাবে তামাদির মেয়াদ গণনায় প্রভাব পড়ে?
 (খ) ‘প্রতারণা প্রমাণিত হলে প্রতারণা শনাক্তের সময় হতেই তামাদি গণনা শুরু করে।’ ব্যাখ্যা করুন।
 ০২. বর্তস্বত্ত্ব (Easement Right) কারণে এবং কোনো ব্যক্তির মামলা করার অধিকার অর্জনের পূর্বেই তার মৃত্যুর কারণে নির্ধারিত তামাদির মেয়াদ হতে সময় বাদ দেওয়ার বিধানসমূহ আলোচনা কর।
 ০৩. কোনো আইনগত কার্যধারা (legal proceeding) কারণে এবং কোনো ব্যক্তির মামলা করার অধিকার অর্জনের পূর্বেই তার মৃত্যুর কারণে নির্ধারিত তামাদির মেয়াদ হতে সময় বাদ দেয়ার বিধানসমূহ আলোচনা কর। একজন বিবাদীর বাংলাদেশের বাইরে থাকাকালীন সময় কোনো আদালত মামলার তামাদি গণনাকালে বাদ দিতে পারে কি? ব্যাখ্যা কর।

৭ম বিজেএস লিখিত পরীক্ষা, ২০১২

[৩টি প্রশ্ন এসেছিল; প্রশ্নের মান ২০]

০১. বিলম্ব মওকুফ এর নীতিটি ব্যাখ্যা করুন। আপিল কিংবা দরখাস্ত দাখিলের ক্ষেত্রে আদালত কোন কোন কারণে বিলম্ব মওকুফ করতে পারে? বিশেষ আইনের ক্ষেত্রে উক্ত বিধান কি প্রযোজ্য? প্রাসঙ্গিক বিধান উল্লেখ করে উত্তর দিন।
 ০২. (ক) তামাদি আইনের ৬ ও ৭ ধারায় বর্ণিত আইনগত অক্ষমতার নীতিসমূহ ব্যাখ্যা করুন। উক্ত নীতিসমূহের ব্যতিক্রমগুলো কী? তামাদি মেয়াদ একবার আরম্ভ হলে পরবর্তী অক্ষমতা দ্বারা মামলা করার অধিকার বন্ধ হয় কি? আলোচনা করুন।
 (খ) নাবালক থাকাকালীন সময়ে ক এর মামলা করার অধিকার জন্মে। সাবালক হওয়ার আগেই মারা যায় এবং উক্ত অধিকার তার নাবালক ছেলে খ এর নিকট বর্তায়। খ এর বিরুদ্ধে তামাদির মেয়াদ কখন থেকে শুরু হবে? আলোচনা করুন।
 ০৩. (ক) “সময় অতিক্রান্ত শুধু আইনগত প্রতিকারকে বাধাগ্রস্ত করে না বরং দাবিদারের স্বত্বকেও বিলোপ করে।” ব্যাখ্যা করুন।
 (খ) আইনের ভঙ্গকারীর বিরুদ্ধে একজন প্রকৃত মালিক কখন দখল উদ্ধারের মামলা করতে পারে? সরকার কর্তৃক দায়েরকৃত একটি মামলার ক্ষেত্রে তামাদির মেয়াদ কত? তামাদি আইনের প্রাসঙ্গিক বিধান উল্লেখপূর্বক বর্ণনা করুন।

৬ষ্ঠ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১১

[৩টি থেকে ২টি প্রশ্নের উত্তর করতে হবে; প্রতিটি প্রশ্নের মান ২০]

০১. সরল বিশ্বাসে এখতিয়ার বহির্ভূত কোনো আদালতে মামলা দায়ের করলে উক্ত মামলায় ব্যয়িত সময়কাল মামলার তামাদির সময় গণনা হতে বাদ দেওয়া সংক্রান্ত তামাদি আইনের বিধানাবলি আলোচনা করুন। এরূপ সময়কাল বাদ দেওয়ার পূর্বে আদালতের সন্তুষ্টির আবশ্যিকতা আছে কি? ব্যাখ্যা করুন।
 ০২. “১৯০৮ সালের তামাদি আইনে দু’সেট ধারা সংযোজিত হয়েছে। তন্মধ্যে এক সেট কোনো অধিকারকে নষ্ট করে, অপর সেট প্রতিকারের ব্যবস্থা করে।” সংশ্লিষ্ট বিধিবিধানের আলোকে আলোচনা করুন।
 ০৩. সম্পত্তির অধিকার কীভাবে বিলুপ্ত হয়? বিরুদ্ধ দখল বলতে কী বোঝায়? দখল পুনরুদ্ধারের মামলা দায়েরের জন্য সময়সীমা কী? আলোচনা করুন।

৫ম বিজেএস লিখিত পরীক্ষা, ২০১০

[৩টি থেকে ২টি প্রশ্নের উত্তর করতে হবে; প্রতিটি প্রশ্নের মান ২০]

০১. তামাদি আইনের উদ্দেশ্য কী? তামাদি ও দীর্ঘকালীন ব্যবহারজনিত অধিকার (prescription) এর পার্থক্য কী কী?

০২. তামাদি আইন, ১৯০৮ এ নির্ধারিত তামাদির মেয়াদ গণনার ক্ষেত্রে এরূপ তিনটি পরিস্থিতির উল্লেখ করুন যখন উক্ত পরিস্থিতিতে ব্যয়িত সময় গণনা থেকে বাদ যাবে।
০৩. কোন ধরনের মামলায় কী কারণে তামাদি আইন, ১৯০৮ এর ৫ ধারা অনুসারে তামাদি মওকুফের সুযোগ আছে? এই ধারাটির অপব্যবহারের সম্ভাবনা আছে বলে মনে করেন কি?

৪র্থ বিজেএস লিখিত পরীক্ষা, ২০০৮

[৩টি থেকে ২টি প্রশ্নের উত্তর করতে হবে; প্রতিটি প্রশ্নের মান ২০]

০১. ১৯০৮ সনের তামাদি আইনের প্রকৃতি, পরিধি ও উদ্দেশ্য বর্ণনা করুন।
০২. কখন আদালতের তামাদি কঠোর বিধি লঙ্ঘনের স্বাধীনতা রয়েছে? তামাদি গণনার ক্ষেত্রে কোন কোন দিন বাদ যায় তা উল্লেখ করুন।
০৩. (ক) বিরুদ্ধ দখলের দাবি দখলকারী ব্যক্তিকে চূড়ান্তভাবে স্বত্ত্ব প্রদান করে কি?
(খ) ১৯০৮ সনের তামাদি আইনে বিরুদ্ধ দখলের যে অত্যাব্যবহারিক উপাদান দেওয়া আছে তা আলোচনা করুন।

৩য় বিজেএস লিখিত পরীক্ষা, ২০০৭

[৩টি থেকে ২টি প্রশ্নের উত্তর করতে হবে; প্রতিটি প্রশ্নের মান ২০]

০১. তঞ্চকতা কী? যদি তঞ্চকতার অভিযোগে মামলা দায়ের করে তাহলে তামাদির মধ্যে-কোনো তারিখ হতে গণনা করা হবে?
০২. সম্পত্তির অধিকার কীভাবে বিলুপ্ত হয়? বিরুদ্ধ দখল বলতে কী বোঝায়? দখল পুনরুদ্ধারের জন্য কত দিনের মধ্যে মামলা করতে হয়?
০৩. ব্যবহারস্বত্ত্ব বলতে কী বোঝায়? বাতাস, পথ বা অন্য কোনো ব্যবহার স্বত্ত্ব কীভাবে অর্জিত হয়?

The Civil Courts Act, 1887

১৮শ বিজেএস পরীক্ষা, ২০২৫

‘খ’ অংশ: যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দিন (২×২০=৪০)

০৮. (ক) The Civil Courts Act, 1887 এর সর্বশেষ সংশোধনী অনুসারে সিভিল কোর্টের শ্রেণিবিন্যাস করুন। জেলা জজ এর অস্থায়ী কার্যভার সংক্রান্ত বিধান কী? ৮
- (খ) কোনো যুগ্ম জেলা জজের মৃত্যু, পদত্যাগ, অপসারণ বা অসুস্থতাজনিত অসমর্থতার কারণে মামলা স্থানান্তর বিষয়ে জেলা জজের ক্ষমতা কী? The Civil Courts Act, 1887 এর বিধান উল্লেখপূর্বক আলোচনা করুন। ৪
- (গ) দেওয়ানি আদালতের অবকাশ সংক্রান্ত বিধান কী, এবং এ বিষয়ে সাম্প্রতিক কী পরিবর্তন আনা হয়েছে? ৪
- (ঘ) পাঁচ কোটি দশ লক্ষ টাকা মূল্যমানের একটি দেওয়ানি মোকদমায় যুগ্ম জেলা জজ আদালতের রায় ও ডিক্রির বিরুদ্ধে কোন আদালতে আপিল দায়ের করতে হবে? The Civil Courts Act, 1887 এর সংশ্লিষ্ট বিধান উল্লেখপূর্বক উত্তর দিন। ৪

১৭শ বিজেএস পরীক্ষা, ২০২৪

‘খ’ অংশ: যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দিন

০৮. (ক) The Civil Courts Act, 1887 এর বৈশিষ্ট্যসমূহ আলোচনা করুন। আপনি কি মনে করেন কালের বিবর্তনে উক্ত আইন অকার্যকর হয়েছে?
- (খ) ‘The presiding officer of a Civil Court shall not try any suit or other proceeding to which he is a party or in which he is personally interested.’ - সংশ্লিষ্ট বিধান উল্লেখপূর্বক বক্তব্যটি ব্যাখ্যা করুন।

১৬শ বিজেএস পরীক্ষা, ২০২৩

‘খ’ অংশ: যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দিন (২×২০=৪০)

০৮. (ক) The Civil Courts Act, 1887 অনুসারে দেওয়ানি আদালতের সাধারণ আপিল ও বিশেষ এখতিয়ার আলোচনা করুন।
- (খ) The Civil Courts Act, 1887 এর অধীনে দেওয়ানি আদালত কোন কোন বিষয়ে স্থানীয় আইনানুসারে সিদ্ধান্ত প্রদান করবে?
- (গ) নিষ্পত্তাধীন মামলার দ্রুত নিষ্পত্তিতে কর্মরত জজের সংখ্যা পর্যাপ্ত নয়-ধারণাটি ব্যাখ্যাসহ জজের বিদ্যমান সংখ্যা পরিবর্তন ও অতিরিক্ত জেলা জজ নিয়োগে সরকারের ক্ষমতা বিষয়ে The Civil Courts Act, 1887 এর বিধান উল্লেখ করুন।

১৫শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০২২

[২০ মার্কসের ১টি প্রশ্ন এসেছিল]

০১. (ক) The Civil Courts Act, 1887 এর অধীনে স্মল কজেস কোর্টের বিচারক হতে পারেন কে? ৫
- (খ) The Civil Courts Act, 1887 অনুসারে জেলা জজ কর্তৃক আপিল বদলিকরণ সংক্রান্ত বিধানাবলি আলোচনা করুন। ৫
- (গ) ছয় লক্ষ টাকা মূল্যমানের একটি দেওয়ানি মোকদমা যুগ্ম জেলা জজ আদালতে দাখিল করা যায় কি? অর্থ ঋণ আদালত কি দেওয়ানি আদালত? সংশ্লিষ্ট বিধান উল্লেখকরতঃ আপনার অভিমত প্রদান করুন। ৭
- (ঘ) যুগ্ম জেলা জজ প্রদত্ত রিভিশনযোগ্য আদেশের বিরুদ্ধে জেলা জজ আদালতে দরখাস্ত দায়ে কোনো আর্থিক সীমারেখা আছে কি? নজির উল্লেখে আলোচনা করুন। ৩

১৪শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০২১

[২০ মার্কসের ১টি প্রশ্ন এসেছিল]

০১. (ক) সকল শ্রেণির দেওয়ানি আদালতের অধিক্ষেত্রের বিষয়ে The Civil Courts (Amendment) Act, 2021 দ্বারা কী কী গুরুত্বপূর্ণ পরিবর্তন করা হয়েছে? আপনি কি মনে করেন যে উক্ত পরিবর্তনসমূহ যুক্তিযুক্ত হয়েছে? আপনার উত্তরের সপক্ষে কারণ উল্লেখ করুন। ১০

(খ) সরকার কখন অতিরিক্ত জেলা জজ নিয়োগ দিতে পারে? সহকারী জজ থাকাবস্থায় X একটি মামলার রায় ঘোষণার পর, কিন্তু ডিক্রি প্রস্তুতের পূর্বেই অন্যত্র বদলি হয়ে যান। দীর্ঘদিন পর X পদোন্নতি পেয়ে উক্ত জেলার যুগ্ম জেলা জজ হিসেবে বদলি হলে তিনি পূর্বোক্ত মামলার ডিক্রির বিরুদ্ধে আনীত অভিযোগ শুনতে পারবেন কি? আপনার উত্তরের সমর্থনে উল্লেখ করুন। ৪+৬

১৩শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৯

[২০ মার্কসের ১টি প্রশ্ন এসেছিল]

০১. (ক) The Civil Courts Act, 1887 এর অধীনে দেওয়ানি আদালতসমূহ কী? এই আইনের অধীনে জেলা জজের প্রশাসনিক দায়িত্ব আলোচনা করুন। ১২

(খ) কোন আদালত জেলা জজ আদালতের অস্থায়ী দায়িত্ব গ্রহণ করতে পারেন? The Civil Courts Act, 1887 এ বর্ণিত কোনো কারণে যুগ্ম জেলা জজ আদালত বিচারক শূন্য থাকাকালে তার আদালতে বিচারাধীন মামলা বদলির প্রক্রিয়া বিষয়ে আলোচনা করুন। ০৮

১২শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৮

[২০ মার্কসের ১টি প্রশ্ন এসেছিল]

০১. (ক) The Civil Courts Act, 1887 অনুযায়ী আদালতের স্থানীয় এখতিয়ার নির্ধারণ সংক্রান্তে উপযুক্ত কর্তৃপক্ষের ক্ষমতাবলি আলোচনা করুন। ১০

(খ) ডিক্রি প্রদানকারী আদালত অবলুপ্ত হলে উক্ত আদালত কর্তৃক প্রদত্ত ডিক্রি কীভাবে জারি করা হয়? ০৫

(গ) এখতিয়ার থাকা সত্ত্বেও কখন একজন বিচারক কোনো মোকদ্দমা বা আপিলের শুনানি করতে পারবেন না? অনুরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট বিচারকের আইনত করণীয় কী? ০৫

১১শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৭

১১শ বিজেএস লিখিত পরীক্ষায় এ বিষয় থেকে প্রশ্ন হয়নি।

১০শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৫

[২০ মার্কসের ১টি প্রশ্ন এসেছিল]

০৭. (ক) জেলা পর্যায়ে কত প্রকারের দেওয়ানি আদালত হতে পারে? 'The Civil Courts Act, 1887' অনুযায়ী বিভিন্ন স্তরের দেওয়ানি আদালতের আর্থিক এখতিয়ারের সীমা কত? ০৭

(খ) জেলার দায়িত্বে থাকা একজন জেলা জজের প্রশাসনিক দায়িত্ব কী? আলোচনা করুন।

৯ম বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৪

[৪টি প্রশ্ন এসেছিল; প্রতিটি প্রশ্নের মান ১০]

০১. (ক) আদালতের স্থানীয় এখতিয়ার নির্ধারণ সংক্রান্ত ক্ষমতা কী কী? জেলার দায়িত্বে থাকা একজন জেলা জজের দায়িত্ব এবং কর্তব্য আলোচনা কর। ১০

(খ) কখন ও কীভাবে একজন অতিরিক্ত জেলা জজকে একটি জেলায় নিয়োগ দেওয়া হয়? কী কী ধরনের মামলা তিনি নিষ্পত্তি করতে পারেন? ১০

“মামলা নিষ্পত্তির ক্ষেত্রে একজন অতিরিক্ত জেলা জজ, একজন জেলা জজের সকল ক্ষমতা ভোগ করেন।”-ব্যাখ্যা কর।

০২. বাদী 'X' ১৯৮২ সালে ৪৮,০০০ টাকা মূল্যমানের একটি চুক্তি প্রবলের মামলা দায়ের করে, যখন জেলা জজের আপিল এখতিয়ার ২০,০০০ টাকার উর্ধ্বে ছিল না। 'X' বিচারিক আদালতে অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্ত করলে তা নামঞ্জুর করা হয়। ১৫/৪/১৯৮৫ তারিখে 'X' উক্ত আদেশের বিরুদ্ধে জেলা জজ আদালতে আপিল দায়ের করে। আপিল দায়েরকালে সিভিল কোর্টস অ্যাক্ট এর সংশোধনের মাধ্যমে আপিল ফোরাম পরিবর্তিত হয়ে যায়। উক্ত পরিবর্তন অনুযায়ী ৭০,০০০ টাকা পর্যন্ত মূল্যমানের আপিল জেলা জজের নিকট দায়ের করা হবে। জেলা জজ তার আদেশে আপিলটি ৪৮,০০০ টাকা মূল্যমানের মামলা হতে উদ্ধৃত বলে আপিলের মেমো ফেরত প্রদান করেন। আপিল মেমো ফেরতের ক্ষেত্রে জেলা জজ কি সঠিক ছিলেন? প্রাসঙ্গিক আইন উল্লেখ উত্তর দাও। ১০

০৩. (ক) সরকার কীরূপে একজন বিচার বিভাগীয় কর্মকর্তার উপর দেওয়ানি আদালতের ক্ষমতা অর্পণ করে থাকে? ১০

(খ) কী কী উদ্দেশ্যে সকল দেওয়ানি জেলা জজ আদালতের অধীনস্থ? ব্যাখ্যা কর।

০৪. (ক) দেওয়ানি আদালতের বিভিন্ন শ্রেণিসমূহ কী কী? ১০

(খ) 'X', 'Y' এর বিরুদ্ধে কলকাতা হাইকোর্টে একটি দেওয়ানি মামলায় সুদ ও খরচাসহ ৩০,০৯১ ডলারের ডিক্রি পায়। ডিক্রিদার জারির জন্য এ ডিক্রির সইমোহরী নকল ঢাকা জেলা জজ আদালতে দায়ের করলে একটি অর্থ জারি মামলা শুরু শুনানি হয়। পরবর্তীতে জেলা জজ মামলাটি যুগ্ম জেলা জজ আদালতে বদলি করেন। দায়িক জেলা জজের আদেশের বিরোধিতা করে নিবেদন করে যে, মামলার নথি জেলা জজ আদালতে ফেরত পাঠানো আবশ্যিক। যুগ্ম জেলা জজ দায়িকের উক্তরূপ যুক্তি অগ্রাহ্য করে। তুমি কি মনে কর যে, যুগ্ম জেলা জজ জারি মামলাটি গ্রহণ করতে পারে? আইনের প্রাসঙ্গিক বিধানাবলি উল্লেখপূর্বক তোমার উত্তরের যথার্থতা নিরূপণ কর। ১০

৮ম বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৩

[৪টি প্রশ্ন এসেছিল; প্রতিটি প্রশ্নের মান ১০]

০১. (ক) একজন জেলা জজের সাধারণ ও বিশেষ (ordinary and special) এখতিয়ার সম্পর্কে আলোচনা কর। ১০

(খ) একজন যুগ্ম জেলা জজ কোন কোন অবস্থাতে একজন জেলা জজের দায়িত্ব গ্রহণ করতে পারে? ব্যাখ্যা কর।

০২. কী পরিস্থিতিতে একজন দেওয়ানি আদালতের বিচারক দেওয়ানি মামলা শুনানি করে না? এ ধরনের নিষিদ্ধকরণের উদ্দেশ্য কী? ১০

০৩. The Civil Courts Act, 1887 অনুযায়ী এখন কত প্রকারের দেওয়ানি আদালত কাজ করছে? এছাড়া আর কোনো দেওয়ানি আদালত আছে কি? যদি থাকে তবে যে-কোনো দুটি আদালতের নাম এবং উহা কোন আইনের অধীনে প্রতিষ্ঠিত উল্লেখ কর। ১০

০৪. (ক) কখন একজন জেলা জজ একটি মোকদ্দমা বা একটি কার্যধারা বা একটি আপিল এক আদালত হতে অন্য আদালতে বদলি করতে পারে?
(খ) একজন জেলা জজ, একজন যুগ্ম জজ ও একজন সহকারী জজের ডিক্রি বা আদেশের বিরুদ্ধে কোন কোন আদালতে আপিল দায়ের করা যেতে পারে?

৭ম বিজেএস লিখিত পরীক্ষা, ২০১২

[৬টি প্রশ্ন এসেছিল; প্রতিটি প্রশ্নের মান ১০]

০১. (ক) 'সিভিল কোর্টস অ্যাক্ট, ১৮৮৭ দেওয়ানি আদালতসমূহের আদি এবং আপিল এখতিয়ার আলোচনা করে।' ব্যাখ্যা করুন।
(খ) একজন সহকারী জজ কিংবা সিনিয়র সহকারী জজ কি জেলা প্রতিনিধি (delegate) হিসেবে কাজ করতে পারে? যদি পারে, তবে কখন?
০২. স্মল কজ কোর্টস এর বিচারক হিসেবে কে কীভাবে কাজ করবেন? এরূপ আদালতের এখতিয়ার বর্ণনা করুন। আপনি কি মনে করেন যে, স্মল কজ কোর্টসগুলো তাদের সাধারণ এখতিয়ারের ভেতর থেকেই আর্থিক এখতিয়ার প্রয়োগ করে চলেছে? সিভিল কোর্টস অ্যাক্ট কি পর্যন্ত স্মল কজ কোর্টস এর ক্ষেত্রে প্রযোজ্য?
০৩. সিভিল কোর্টস অ্যাক্ট, ১৮৮৭ প্রণয়নের উদ্দেশ্য কী ছিল? ইহা কখন বাংলাদেশে বলবৎ হয়? হাইকোর্ট বিভাগের সাধারণ দেওয়ানি এখতিয়ারের ক্ষেত্রে ইহা কি প্রযোজ্য হয়?
০৪. (ক) সরকার কীভাবে দেওয়ানি আদালতসমূহের সাধারণ এখতিয়ার অর্পণ করে থাকে?
(খ) কোন পরিস্থিতিতে সরকার একজন অতিরিক্ত জেলা জজকে জেলা জজ হিসাবে কাজ করার জন্য নিয়োগ প্রদান করে থাকে? একটি জেলায় দেওয়ানি আদালতসমূহের উপর কে প্রশাসনিক নিয়ন্ত্রণ প্রয়োগ করে থাকে? প্রাসঙ্গিক বিধানাবলি উল্লেখপূর্বক বর্ণনা দিন।
০৫. (ক) অস্থায়ী সংক্রান্ত প্রবেটের কিংবা ব্যবস্থাপনা পত্র (letters of administration) এর ক্ষেত্রে মাত্রাতিরিক্ত অধিক বা নিম্নহারে কোর্ট ফি প্রদানের আইনগত ফলাফল কী?
(খ) A জেলা আদালত হতে একটি অস্থায়ী প্রবেট করাতে ইচ্ছুক। সম্পত্তির মূল্য এক লক্ষ টাকা। প্রবেট প্রসিডিং এর ক্ষেত্রে A কে কী ধরনের কোর্ট ফি প্রদান করতে হবে? এক্ষেত্রে কোর্ট ফি'র পরিমাণ নিরূপণ করুন।
০৬. (ক) কোর্ট ফি অ্যাক্ট এর ৩০ ধারা অনুযায়ী স্ট্যাম্প বাতিলের (cancellation) পদ্ধতি বর্ণনা করুন।
(খ) A ভূমি ও অন্তর্বর্তীকালীন মুনাফার (mesne profit) জন্য ৩ লক্ষ টাকা মূল্যমান দেখিয়ে B এর বিরুদ্ধে একটি মোকদ্দমা করে। এরূপ মূল্যমানের উপর A অ্যাড-ভেলোরেম কোর্ট ফি প্রদান করে। আদালত আংশিক ডিক্রি প্রদান করে, যেখানে সম্পত্তি ও অন্তর্বর্তীকালীন মুনাফা (mesne profit) এর মূল্য ১ লক্ষ টাকা। ডিক্রি হোল্ডার কি তৎকর্তৃক পরিশোধিত অতিরিক্ত পরিমাণ কোর্ট ফি ফেরত পেতে পারে? আইন উল্লেখপূর্বক উত্তর দিন।

৬ষ্ঠ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১১

[৪টি প্রশ্ন এসেছিল; প্রতিটি প্রশ্নের মান ১০]

০১. দেওয়ানি আদালত আইন, ১৮৮৭ অনুযায়ী প্রতিষ্ঠিত দেওয়ানি আদালতসমূহের সাধারণ এখতিয়ার সম্পর্কে আলোচনা করুন। একজন অফিসারের উপর দেওয়ানি আদালতের ক্ষমতা অর্পণের পদ্ধতি কী? ১০
০২. কোনো জেলায় একজন অতিরিক্ত জেলা জজ নিয়োগের প্রয়োজনীয়তা কী? তাঁকে কে কীভাবে নিয়োগ প্রদান করেন? তিনি কোন ধরনের মামলা নিষ্পত্তি করে থাকেন? ১০
০৩. কোন আদালতে যুগ্ম জেলা জজ কর্তৃক প্রদত্ত ডিক্রি কিংবা আদেশের বিরুদ্ধে কোথায় আপিল দায়ের করতে হয়? ১০
০৪. জেলা জজের আপিল স্থানান্তরের ক্ষমতা আলোচনা করুন। কোন পরিস্থিতিতে দেওয়ানি আদালতের একজন বিচারক মামলার বিচার করা কিংবা আপিল মামলার শুনানি নেওয়া হতে নিবৃত্ত থাকবেন? ১০

৫ম বিজেএস লিখিত পরীক্ষা, ২০১০

[৪টি প্রশ্ন এসেছিল; প্রতিটি প্রশ্নের মান ১০]

০১. দেওয়ানি আদালতগুলোর উপর কোন কর্তৃপক্ষের প্রশাসনিক নিয়ন্ত্রণ রয়েছে? কোন কর্তৃপক্ষ এক আদালত থেকে অন্য আদালতে দেওয়ানি মামলা স্থানান্তর করতে পারে? The Civil Courts Act, 1887 এর আলোকে উত্তর দিন।
০২. যুগ্ম জেলা জজ, সিনিয়র সহকারী জজ এবং সহকারী জজের প্রদত্ত ডিক্রি বা আদেশের বিরুদ্ধে কোন আদালতে আপিল করা যায়? কোন কোন আদালত উক্ত আপিল শুনানি ও নিষ্পত্তি করতে পারে?
০৩. The Civil Courts Act, 1887 অনুসারে কোন কোন ক্ষেত্রে দেওয়ানি আদালতের বিচারক কর্তৃক একটি মামলা শুনানি ও নিষ্পত্তি করা নিষিদ্ধ? এইরূপ নিষেধাজ্ঞার উদ্দেশ্য কী?
০৪. একজন বিচারক সাময়িকভাবে ভারপ্রাপ্ত জেলা জজ হিসাবে জেলা জজের দায়িত্ব কতটুকু পালন করতে পারেন? The Civil Courts Act, 1887 এর আলোকে উত্তর দিন।

৪র্থ বিজেএস লিখিত পরীক্ষা, ২০০৮

[৪টি প্রশ্ন এসেছিল; প্রতিটি প্রশ্নের মান ১০]

০১. Civil Courts Act অনুযায়ী বর্তমানে বাংলাদেশে কয় শ্রেণির দেওয়ানি আদালত আছে? বিভিন্ন দেওয়ানি আদালতে সাধারণ এখতিয়ার সম্পর্কে আলোচনা করুন।

০২. কোন কোন আপিল জেলা জজের নিকট দায়ের করা যায়? কখন এসব আপিল একজন অতিরিক্ত জেলা জজ বা একজন যুগ্ম-জেলা জজ গ্রহণ করতে পারে? সংশ্লিষ্ট ধারার উল্লেখপূর্বক উত্তর দিন।
০৩. Civil Courts Act অনুযায়ী আদালত কোথায় বসতে পারে? জেলা জজ, যুগ্ম-জেলা জজ এবং সিনিয়র সহকারী জজগণের প্রশাসনিক ও বিচারিক ক্ষমতা আলোচনা করুন।
০৪. দেওয়ানি আদালতসমূহের উপর কার প্রশাসনিক নিয়ন্ত্রণ রয়েছে? কাদের, কীভাবে এবং কত মূল্যমানের মামলা নিষ্পত্তির জন্য এর ক্ষমতা অর্পণ করা যেতে পারে?

৩য় বিজেএস লিখিত পরীক্ষা, ২০০৭

[৪টি প্রশ্ন এসেছিল; প্রতিটি প্রশ্নের মান ১০]

০১. Civil Courts Act অনুযায়ী বর্তমানে কয় শ্রেণির দেওয়ানি আদালত কাজ করছে? এ আইনে বর্ণিত আরো কোনো দেওয়ানি আদালত আছে কি? যদি থাকে তার মধ্যে দুটির উল্লেখ করুন এবং কোন আইন দ্বারা ঐ আদালত প্রতিষ্ঠিত হয়েছে তা উল্লেখ করুন।
০২. Civil Courts Act অনুযায়ী প্রতিষ্ঠিত বিভিন্ন দেওয়ানি আদালতের সাধারণ এখতিয়ার সম্পর্কে আলোচনা করুন। কোন দেওয়ানি আদালত শুধুমাত্র দেওয়ানি আপিল শুনতে পারে কিন্তু কোনো মূল দেওয়ানি মামলার বিচার করতে পারে না?
০৩. একজন জেলা জজ কখন এক আদালত হতে অন্য আদালতে মামলা, প্রসিডিং বা আপিল বদলি করতে পারে?
০৪. একজন বিচারকের শুনানি করার এখতিয়ার থাকা সত্ত্বেও কখন তিনি একটি মামলা বা আপিলের শুনানি করতে পারেন না? সেক্ষেত্রে তার পক্ষে কী ব্যবস্থা গ্রহণ করতে হয়?

বিকল্প বিরোধ নিষ্পত্তির ধারণা ও এতদসংক্রান্ত আইন

১৮শ বিজেএস পরীক্ষা, ২০২৫

‘খ’ অংশ: যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দিন (২×২০=৪০)

০৬. (ক) বাংলাদেশে কার্যকর মধ্যস্থতা (Mediation) বাস্তবায়নের ক্ষেত্রে বিদ্যমান কাঠামোগত সমস্যাসমূহ চিহ্নিত ও বিশ্লেষণ করুন। ১২
- (খ) নিম্নের আইনসমূহে বিকল্প পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তির বিধান আলোচনা করুন: ৮
- (i) The Muslim Family Laws Ordinance, 1961;
- (ii) অর্থ ঋণ আদালত আইন, ২০০৩।

১৭শ বিজেএস পরীক্ষা, ২০২৪

‘খ’ অংশ: যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দিন

০৬. (ক) আধুনিক মোকদ্দমা ব্যবস্থাপনায় ‘মধ্যস্থতা’ এর প্রয়োজনীয়তা বর্ণনা করুন। “বাংলাদেশে বিকল্প পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তি পূর্ণভাবে সফল না হওয়ার পেছনে আইনি বাধার পাশাপাশি আইনজীবী ও বিচারকের মানসিকতাও দায়ী।”- আপনি একমত কি? আলোচনা করুন।
- (খ) নিম্নের আইনসমূহে বিকল্প পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তির বিধান আলোচনা করুন।
- (i) বিরোধ মীমাংসা (পৌর এলাকা) বোর্ড আইন, ২০০৪;
- (ii) সালিশ আইন, ২০০১।

১৬শ বিজেএস পরীক্ষা, ২০২৩

‘খ’ অংশ: যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দিন (২×২০=৪০)

০৬. (ক) “২০১৭ সালে The Code of Civil Procedure, 1908 এর সংশোধন দ্বারা দেওয়ানি মোকদ্দমা বিকল্প পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তির নতুন দিগন্ত উন্মোচন করা হয়েছে।”- এই বক্তব্যের আলোকে দেওয়ানি মোকদ্দমার জট নিরসনে ADR এর ভূমিকা বিশ্লেষণ করুন।
- (খ) নিম্নের আইনসমূহে বিকল্প পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তির বিধান আলোচনা করুন।
- (i) শ্রম আইন, ২০০৬
- (ii) The Income-tax Ordinance, 1984.

১৫শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০২২

[২০ মার্কসের ১টি প্রশ্ন এসেছে]

০২. (ক) বিকল্প পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তি কৌশলের বহুমাত্রিক সাফল্য বিশ্লেষণ করুন। ৬
- (খ) নিচের আইনসমূহে বর্ণিত বিকল্প পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তির বিধান আলোচনা করুন। ২×৭
- (i) The Family Courts Ordinance, 1985.
- (ii) The Code of Civil Procedure, 1908.

১৪শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০২১

[২০ মার্কসের ১টি প্রশ্ন এসেছে]

০৬. (ক) ‘বিকল্প বিরোধ নিষ্পত্তি’ এর ক্ষেত্রে প্রতিবন্ধকতাসমূহ চিহ্নিত করুন। ০৮
- (খ) নিম্নের আইনসমূহে বর্ণিত বিকল্প পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তির বিধান আলোচনা করুন। ৬×২=১২
- (i) গ্রাম আদালত আইন, ২০০৬;
- (ii) অর্থ ঋণ আদালত আইন, ২০০৩।

১৩শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৯

[২০ মার্কসের ১টি প্রশ্ন এসেছে]

০৭. (ক) দেওয়ানি মামলায় কে কে মধ্যস্থতা করতে পারেন? জেলা লিগ্যাল এইড কর্মকর্তা কোনো দেওয়ানি মামলায় মধ্যস্থতা করতে পারেন কি? ০৬
- (খ) গ্রাম আদালত আইন, ২০০৬ এবং The Family Courts Ordinance, 1985 এর বিধান অনুসারে বিচার-পূর্ব শুনানির মাধ্যমে কোনো মামলা নিষ্পত্তি সংক্রান্ত পদ্ধতির তুলনামূলক আলোচনা করুন। বিচার-পূর্ব শুনানির মাধ্যমে এই আইনদ্বয়ের অধীনে কোনো মামলা নিষ্পত্তি হলে এ আদেশ উচ্চ আদালতে চ্যালেঞ্জ করা যায় কি? আপনি কি মনে করেন যে উক্ত আইনদ্বয়ের অধীনে বিচার-পূর্ব শুনানির মাধ্যমে মামলা নিষ্পত্তির পদ্ধতি The Code of Civil Procedure, 1908 এর 89A, 89B, 89C, 89D ধারার ন্যায় আরও বিশদ হওয়া উচিত? উত্তরের সপক্ষে যুক্তি উপস্থাপন করুন। ১৪

১২শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৮

[২০ মার্কসের ১টি প্রশ্ন এসেছিল]

০৭. (ক) “দ্বন্দ্বমূলক বিরোধ নিষ্পত্তির তুলনায় সম্মতিমূলক বিকল্প পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তি অধিক কার্যকর।” - ব্যাখ্যা করুন। ০৮
- (খ) নিম্নের আইনসমূহে বর্ণিত বিকল্প পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তির বিধানাবলি আলোচনা করুন: ৪×৩=১২
- (i) শ্রম আইন, ২০০৬
- (ii) সালিশি আইন, ২০০১
- (iii) অর্থস্বর্ণ আদালত আইন, ২০০৩

১১শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৭

[২০ মার্কসের ১টি প্রশ্ন এসেছিল]

০৪. (ক) নিম্নলিখিত আইনে বিকল্প বিরোধ নিষ্পত্তির বিধানাবলি আলোচনা করুন: ৫×৩=১৫
- (i) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১
- (ii) The Income Tax Ordinance, 1984
- (iii) The Muslim Family Laws Ordinance, 1961
- (খ) অর্থস্বর্ণ আদালত আইন, ২০০৩ এর অধীন মামলায় ডিক্রি প্রদানের পর বিরোধ আপস করা যায় কি? সংশ্লিষ্ট বিধান উল্লেখ করে আলোচনা করুন। ০৫

১০শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৫

[২০ মার্কসের ১টি প্রশ্ন এসেছিল]

০৮. এডিআর বলতে কী বোঝায়? দেওয়ানি কার্যবিধিতে সন্নিবেশিত এডিআর সংক্রান্ত বিধানাবলি আলোচনা করুন। ২০

৯ম বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৪

[৬টি থেকে ৪টি প্রশ্নের উত্তর করতে হবে; প্রতিটি প্রশ্নের মান ২০]

০১. (ক) এডিআর এর প্রধান শ্রেণিসমূহ কী কী?
- (খ) “বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে মধ্যস্থতা পদ্ধতির প্রয়োগ একটি পরিপূরক ব্যবস্থা, তবে তা প্রচলিত বিচারব্যবস্থাকে প্রতিস্থাপিত করে না।”— আলোচনা কর।
০২. (ক) বাংলাদেশের বর্তমান আর্থ-সামাজিক প্রেক্ষাপটে ফৌজদারি মামলায় এডিআর-এর প্রচলন কতটা যুক্তিযুক্ত হবে? তোমার মতামতের যথার্থতা নিরূপণ কর।
- (খ) সফল মধ্যস্থতা করার ক্ষেত্রে একজন মধ্যস্থতাকারীর কোন কোন দক্ষতা ও গুণাবলি গুরুত্বপূর্ণ?
০৩. (ক) মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ, ১৯৬১ এর অধীনে কোন কোন ধরনের পারিবারিক বিরোধ নিষ্পত্তিতে এডিআর পদ্ধতি ব্যবহৃত হতে পারে? বাংলাদেশের প্রাসঙ্গিক মামলার নজিরের আলোকে আলোচনা কর।
- (খ) পারিবারিক আদালতের মধ্যস্থতাকারী কোন কোন পরিস্থিতিতে মধ্যস্থতার প্রক্রিয়া পরিত্যাগ করে পক্ষগণকে বিচারের মাধ্যমে তাদের বিরোধীয় বিষয়সমূহ নিষ্পত্তির জন্য পরামর্শ দিতে পারে?
০৪. (ক) “বর্তমানে দেওয়ানি মামলা বা আপিলের ক্ষেত্রে মধ্যস্থতার পদক্ষেপ গ্রহণ বাধ্যতামূলক।”— দেওয়ানি কার্যবিধির সংশ্লিষ্ট বিধানাবলির বিশেষ উল্লেখ বক্তব্যটির বিশদ ব্যাখ্যা দাও।
- (খ) দেওয়ানি কার্যবিধি অনুসারে কে তালিকাভুক্ত মধ্যস্থতাকারী হতে পারে?
০৫. (ক) “দুই পক্ষের গোপনীয়তা রক্ষা করা মধ্যস্থতার একটি বিরল বৈশিষ্ট্য।”— দেশের প্রচলিত আইনের আলোকে বক্তব্যটি বিশ্লেষণ কর।
- (খ) অর্থ স্বর্ণ আদালত আইন, ২০০৩ এ সন্নিবেশিত এডিআর পদ্ধতির সীমাবদ্ধতাসমূহ আলোচনা কর। অর্থ স্বর্ণ আদালত আইন, ২০০৩ এর অধীনে এডিআর পদ্ধতির উন্নয়নে তোমার পরামর্শ কী হতে পারে?
০৬. একটি পারিবারিক বিরোধে একজন স্ত্রী ‘W’ তালাকের পর তার স্বামী ‘H’ এর বিরুদ্ধে অপরিশোধিত দেনমোহর ও শিশুর ভরণপোষণ সংক্রান্ত বিষয় নিষ্পত্তির জন্য মামলা করে। ‘H’ উচ্চ শিক্ষিত ও উচ্চ বেতনভোগী নির্বাহী কর্মকর্তা। অন্যদিকে, ‘W’ অল্পশিক্ষিত এবং গৃহস্থালীর কাজ ও তাদের সন্তান লালনপালনে নিয়োজিত। ‘W’ এবং ‘H’ এর ৪ বছর বয়সী একটি পুত্র সন্তান আছে। তালাকের পর ‘H’ তার সন্তানের ভরণপোষণ দেয়া বন্ধ

- করে দেয়ায় ‘W’ আর্থিক অনটনে পড়ে এবং দীর্ঘমেয়াদের জন্য মামলাটি পরিচালনায় অক্ষম হয়। উপরন্তু নিজের দেনমোহর ও অন্যান্য বিবাহ সংক্রান্ত অধিকার সম্পর্কেও ‘W’ সচেতন নয়। পারিবারিক আদালতের মধ্যস্থতাকারী হিসেবে নিম্নোক্ত ক্ষেত্রে তোমার অভিমত কী?
- (ক) পক্ষদ্বয়ের জন্য মধ্যস্থতায় অংশগ্রহণ বাধ্যতামূলক, না কি ঐচ্ছিক? আইনের প্রাসঙ্গিক বিধান উল্লেখে আলোচনা কর।
- (খ) এক্ষেত্রে সহায়তামূলক মধ্যস্থতা অথবা মূল্যায়নপূর্বক মধ্যস্থতার মধ্যে-কোনোটি অধিকতর যথার্থ হবে? তোমার উত্তরের যথার্থতা মূল্যায়ন কর।

৮ম বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৩

[৬টি থেকে ৪টি প্রশ্নের উত্তর করতে হবে; প্রতিটি প্রশ্নের মান ২০]

০১. (ক) বিকল্প বিরোধ নিষ্পত্তি (এ.ডি.আর) বলতে কী বোঝ? বিভিন্ন ধরনের এ.ডি.আর, পদ্ধতি এবং তাদের সুবিধা ও অসুবিধাসমূহ আলোচনা কর।
ফৌজদারি মামলায় কি এ.ডি.আর, পদ্ধতি প্রয়োগ সম্ভব? যদি হয়, তবে কতদূর? ব্যাখ্যা কর।
- (খ) এ.ডি.আর, এর মাধ্যমে অর্থক্ষণ সংক্রান্ত বিরোধ নিষ্পত্তির পদ্ধতি আলোচনা কর। তুমি কি মনে কর যে, Artho Rin Adalat Ain, 2003 হতে মীমাংসা সভা সংক্রান্ত বিধান বাতিলের দ্বারা এ.ডি.আর, এর মাধ্যমে অর্থক্ষণ সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি আরও সহজ ও সময় সাশ্রয়ী হয়েছে? তোমার মতামতের যথার্থতা নিরূপণ কর।
০২. স্থাবর সম্পত্তি সংক্রান্ত এবং পারিবারিক মামলায় এ.ডি.আর, পদ্ধতি প্রয়োগে পার্থক্যগত বৈশিষ্ট্যসমূহ কী কী? তুমি কি মনে কর যে, আইনজীবীর নেতৃত্বে হওয়া মধ্যস্থতা বিচারকের নেতৃত্বে মধ্যস্থতা অপেক্ষা অধিক মানানসই? ব্যাখ্যা কর।
০৩. (ক) দেওয়ানি বিচার ব্যবস্থায় এ.ডি.আর, প্রবর্তনের মূল লক্ষ্য হলো আদালতের বাইরে বিরোধ নিষ্পত্তির প্রতি মামলাকারীদেরকে উৎসাহিত করা। আমাদের আদালতে অনিষ্পন্ন মামলার স্তূপ বিবেচনায় উক্তিটির যথার্থতা নিরূপণ কর।
- (খ) Code of Civil Procedure এর ধারা ৮৯ এ এবং ৮৯ সি তে এ পর্যন্ত কী কী উল্লেখযোগ্য পরিবর্তন আনা হয়েছে? তুমি কি মনে কর যে, এসব পরিবর্তন এ.ডি.আর, পদ্ধতিতে আরও কার্যকর করেছে? ব্যাখ্যা কর।
০৪. (ক) কোন দেশ প্রথম এডিআর পদ্ধতি প্রচলিত আইনব্যবস্থায় প্রবর্তন করে? প্রবর্তক দেশ এবং বাংলাদেশের আইন ব্যবস্থায় কার্যরত এ.ডি.আর, পদ্ধতির মধ্যে কী কী পার্থক্য আছে?
- (খ) আমাদের দেশে এ.ডি.আর, পদ্ধতির পরিপূর্ণ সুবিধাদি আহরিত না হওয়ার প্রধান কারণসমূহ কী কী? যুক্তিসহ উত্তর দাও।
০৫. (ক) সালিসি চুক্তি কী? Salish Ain, 2001 এর আলোকে সালিসি ট্রাইব্যুনাল এর গঠন ও এখতিয়ার বর্ণনা কর। পক্ষের অক্ষমতার ক্ষেত্রে সালিসি ট্রাইব্যুনাল কী ক্ষমতাসমূহ প্রয়োগ করতে পারে?
- (খ) তুমি কি মনে কর যে, এ.ডি.আর, এর মাধ্যমে বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে Salish Ain, 2001 একটি ব্যাপক উপলব্ধির এবং কার্যকর আইন? আলোচনা কর।
০৬. (ক) Gram Adalat Ain, 2006-এ পক্ষদের মধ্যে সমঝোতার মাধ্যমে বিরোধ নিষ্পত্তির পর্যাপ্ত উপায় নেই। তুমি কি একমত? আইনটি আরও উন্নত করার কোনো উপায় আছে? তোমার সুপারিশমালা দাও।
- (খ) পারিবারিক আদালতসমূহে আদালত কর্তৃক পরিচালিত মধ্যস্থতার সুবিধা ও অসুবিধাগুলো কী কী? আলোচনা কর।

৭ম বিজেএস লিখিত পরীক্ষা, ২০১২

[৬টি থেকে ৪টি প্রশ্নের উত্তর করতে হবে; প্রতিটি প্রশ্নের মান ২০]

০১. বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর) এর সুবিধা ও অসুবিধাগুলো বর্ণনা করুন। কোন ধরনের মামলাগুলোর মাধ্যমে নিষ্পত্তির উপযুক্ত? আলোচনা করুন।
০২. (ক) আইনজীবী, মধ্যস্থতাকারী এবং আদালত কর্তৃক গৃহীত উদ্যোগে মধ্যস্থতা কার্যক্রমের পার্থক্যমূলক বৈশিষ্ট্যসমূহ কী কী? আলোচনা করুন।
- (খ) বাংলাদেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে এডিআর ব্যবস্থা কতটুকু গ্রহণযোগ্য? মতামতের সমর্থনে যুক্তি দিন।
০৩. এডিআর এবং প্রচলিত বিচারব্যবস্থার মাধ্যমে বিরোধ নিষ্পত্তির মধ্যে মৌলিক পার্থক্য বর্ণনা করুন। আপনি কি মনে করেন যে, এডিআর ব্যবস্থা প্রচলিত বিচার ব্যবস্থার প্রতিস্থাপক ব্যবস্থা হবে? আলোচনা করুন।
০৪. (ক) “আর্থিক ঋণ সংক্রান্ত বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে মধ্যস্থতা হলো একটি বিকল্প ও কার্যকরী ব্যবস্থা”— আইনের প্রাসঙ্গিক বিধান উল্লেখপূর্বক ব্যাখ্যা করুন।
- (খ) কীভাবে একটি আর্থিক প্রতিষ্ঠান অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ অনুযায়ী মধ্যস্থতা কার্যক্রমে অংশগ্রহণ করে? আলোচনা করুন।
০৫. বিরোধ মীমাংসা (পৌর এলাকা) বোর্ড আইন, ২০০৪-এ বর্ণিত এডিআর সংক্রান্ত বিধানাবলি ব্যাখ্যা করুন। উক্ত আইনটি উহার কাঙ্ক্ষিত লক্ষ্য কতটুকু অর্জন করেছে? মতামত দিন।
০৬. সালিশি চুক্তির বিশেষ বৈশিষ্ট্যসমূহ কী কী? একটি সালিশি ট্রাইব্যুনাল কতজন সদস্য নিয়ে গঠিত? বিবদমান প্রার্থীদের পক্ষে সালিশিকারী নিয়োগের বিধানসমূহ আলোচনা করুন। কখন একজন সালিশিকারীর কর্তৃত্বের অবসান হয়? আলোচনা করুন।

৬ষ্ঠ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১১

[৬টি থেকে ৪টি প্রশ্নের উত্তর করতে হবে; প্রতিটি প্রশ্নের মান ২০]

০১. মীমাংসা সভা বলতে কী বোঝেন? অর্থক্ষণ আদালত আইন, ২০০৩ এর অধীনে উত্থাপিত বিরোধ নিষ্পত্তি করতে কীভাবে উক্ত পদ্ধতি প্রয়োগ করা যায়? অর্থ ঋণ আদালতে মামলায় ডিক্রি হওয়ার পরও কি বিরোধ বিকল্প পদ্ধতিতে নিষ্পত্তি করা যায়? ২০
০২. মধ্যস্থতার সংজ্ঞা দিন। ১৯০৮ সনের দেওয়ানি কার্যবিধি এর ৮৯ এ ধারায় বিধৃত বিধান অনুসারে বিরোধ নিষ্পত্তির পদ্ধতির বর্ণনা দিন। দেওয়ানি মামলার আপিল স্তরে কি এ পদ্ধতি প্রয়োগ করা যায়? প্রাসঙ্গিক বিধান উল্লেখপূর্বক উত্তর দিন। ২০

০৩. পারিবারিক বিবাদ নিষ্পত্তির জন্য ১৯৬১ সনের মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ অনুসারে কীভাবে সালিশি কাউন্সিল গঠন করা হয়? উক্ত কাউন্সিলের কার্যপদ্ধতি সংক্রান্ত বিধানাবলি আলোচনা করুন। ২০
০৪. আপনি কি মনে করেন যে, বিরোধ মীমাংসা বোর্ড পক্ষদ্বয়ের বিরোধ সমঝোতার ভিত্তিতে মীমাংসা করতে সমর্থ? বিরোধ মীমাংসা বোর্ড আইন, ২০০৪ এর সংশ্লিষ্ট বিধান উল্লেখপূর্বক আলোচনা করুন। ২০
০৫. বিকল্প পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তি বলতে কী বোঝায়? এ ধরনের পদ্ধতি কি প্রচলিত বিচার ব্যবস্থার সাথে সাংঘর্ষিক? উত্তরের সপক্ষে যুক্তি দিন। ২০
০৬. পারিবারিক আদালত অধ্যাদেশ, ১৯৮৫ অনুযায়ী সালিশি/মধ্যস্থতা পারিবারিক বিরোধ নিষ্পত্তিতে কতটুকু কার্যকর ভূমিকা রেখেছে? ১৯৮৫ সনের আইনের বিধান উল্লেখপূর্বক আপনার মতামত দিন। ২০

৫ম বিজেএস লিখিত পরীক্ষা, ২০১০

[৬টি থেকে ৪টি প্রশ্নের উত্তর করতে হবে; প্রতিটি প্রশ্নের মান ২০]

০১. 'বিবাদমান পক্ষগণের বিরোধ আদালতের বিচারের মাধ্যমে নিষ্পত্তি অপেক্ষা বিকল্প পদ্ধতিতে নিষ্পত্তির ব্যবস্থা অধিকতর কাম্য'- এই বক্তব্যটি বিশ্লেষণ করুন এবং বাংলাদেশের প্রেক্ষাপটে যুক্তিসহ মতামত দিন।
০২. (ক) 'সালিস চুক্তি' বলতে কী বোঝেন? সালিসি এর সাথে 'মধ্যস্থতা' এবং 'মীমাংসা সভা' এর পার্থক্য নিরূপণ করুন।
(খ) 'ক' একটি পণ্যবাহী বাংলাদেশি জাহাজের মালিক। অসুস্থতার কারণে 'ক' তার ভাড়ায় মালামাল পরিবহনের জন্য দুবাই এর একটি কোম্পানি 'খ' এর সাথে উক্ত ম্যানেজারের চুক্তি হয়। চুক্তিতে যে-কোনো বিষয়ের বিরোধের ক্ষেত্রে একজন ফরাসি আরবিট্রেটর এর মাধ্যমে সালিসের বিধান আছে। মালামাল পরিবহনে বিলম্ব হওয়ায় 'খ' বিষয়টি ফ্রান্স আরবিট্রেটরের নিকট পেশ করে। আরবিট্রেটর তার রোয়েদাদে সিদ্ধান্ত দেয় যে, 'ক' এর লক্ষ ডলার ক্ষতিপূরণ 'খ' কে প্রদান করবে। রোয়েদাদ বাস্তবায়নের জন্য 'খ' রোয়েদাদের একটি অনুলিপি সহ চট্টগ্রামের যুগ্ম জেলা জজ আদালতে 'ক' এর বিরুদ্ধে দরখাস্ত করেছে। দরখাস্তটির বিষয়ে যুক্তিসহ মতামত দিন।
০৩. পারিবারিক আদালত অধ্যাদেশ, ১৯৮৫ এবং মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ, ১৯৬১-এ বর্ণিত বিকল্প বিরোধ নিষ্পত্তির পদ্ধতি বর্ণনা করুন। এই ব্যবস্থাগুলোকে অধিকতর কার্যকর করার জন্য সুপারিশ করুন।
০৪. বাংলাদেশের প্রচলিত আইনের আলোকে 'গ্রাম আদালত' এবং 'বিরোধ মীমাংসা বোর্ড' এর গঠন এবং এখতিয়ার ও কার্যপদ্ধতির বর্ণনা দিন। উক্ত আদালত এবং বোর্ডের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিলের কী কী বিধান আছে? উক্ত আদালত ও বোর্ডের কার্যধারায় আইনজীবী নিষিদ্ধ হওয়ার বিধান সম্পর্কে আপনার মতামত কী?
০৫. সালিস আইন, ২০০১ এর আলোকে সালিসি ট্রাইব্যুনালের গঠন, এখতিয়ার, কার্যপদ্ধতি বর্ণনা করুন।
০৬. দেওয়ানি কার্যবিধিতে বর্ণিত সম্মতি ও আপসের মাধ্যমে মামলা নিষ্পত্তির বিধানাবলি বর্ণনা করুন। এরূপে নিষ্পত্তি হওয়া মামলার রায়ের বিরুদ্ধে আপিল চলে কি? আপস প্রক্রিয়ায় কোনো পক্ষ প্রতারণার আশ্রয় নিলে অপরপক্ষ কী প্রতিকার পেতে পারে?

৪র্থ বিজেএস লিখিত পরীক্ষা, ২০০৮

[৭টি থেকে ৪টি প্রশ্নের উত্তর করতে হবে; প্রতিটি প্রশ্নের মান ২০]

০১. বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর) দার্শনিক ভিত্তি কী? এডিআর-এর বিভিন্ন পদ্ধতির উল্লেখপূর্বক বিরোধ নিষ্পত্তির জন্য দ্বন্দ্বমূলক বিচার পদ্ধতির তুলনায় সম্মতিমূলক এডিআর পদ্ধতির সুবিধা ও অসুবিধাসমূহ ব্যাখ্যা করুন। ২০
০২. ১৯০৮ সনের দেওয়ানি কার্যবিধির ধারা ৮৯ক, ৮৯খ ও ৮৯গ এর মধ্যস্থতা বিষয়ক বিধানাবলি বিশ্লেষণ করুন। ২০০৩ সনে এই বিধানাবলি সন্নিবেশিত হওয়ার পর এ পর্যন্ত এগুলো প্রয়োগ সম্পর্কে আপনার মূল্যায়ন কি? ২০
০৩. 'মীমাংসা সভা' (Settlement Conference) বলতে কী বোঝেন? অর্থ ঋণ আদালত, ২০০৩ এ উভয় পক্ষের বিরোধ নিষ্পত্তিতে কীভাবে উক্ত পদ্ধতি প্রয়োগ করা যায়? মীমাংসা সভা (Settlement Conference) বার্থ হলে মধ্যস্থতা (Mediation) পদ্ধতি বিরোধ নিষ্পত্তিতে প্রয়োগ করা যায় কি? ২০
০৪. 'মধ্যস্থতা' পদ্ধতিতে একজন মধ্যস্থতাকারী ও বিরোধী পক্ষগণের ভূমিকা (Role) বিশদভাবে আলোচনা করুন। ২০
০৫. ১৯৬১ সনের মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশের অধীন বিবাহ ও তালাক বিষয়ে সালিশি পরিষদের ক্ষমতা, কার্যাবলি ও ভূমিকা আলোচনা করুন। এ সংক্রান্ত বিরোধ নিষ্পত্তির বিকল্প ব্যবস্থা হিসাবে সালিশি পরিষদের ক্ষমতা ও কার্যাবলি বৃদ্ধির সুযোগ আছে কি? ২০
০৬. মধ্যস্থতা ও বিচারিক মীমাংসা হতে পার্থক্য করে সালিশি ব্যবস্থা ব্যাখ্যা করুন। আপনি মনে করেন যে, ২০০৩ সনের অর্থ ঋণ আদালত আইনের অধীনে মামলার নিষ্পত্তির জন্য সালিশির তুলনায় মীমাংসা সভা বা মধ্যস্থতা অধিকতর উপযোগী? আপনার মতামতের পক্ষে যুক্তি দিন। ২০
০৭. আপনি কি মনে করেন, গ্রাম আদালতের ক্ষমতা ও কার্যাবলি আমাদের ঐতিহ্যগত বিচার পদ্ধতির বিকল্প হিসাবে নেওয়া যেতে পারে? উক্ত দুই পদ্ধতির সুবিধা ও অসুবিধাগুলো বিশ্লেষণ করুন। ২০

৩য় বিজেএস লিখিত পরীক্ষা, ২০০৭

[৭টি থেকে ৪টি প্রশ্নের উত্তর করতে হবে; প্রতিটি প্রশ্নের মান ২০]

০১. বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর) এর ধারণা ব্যাখ্যা করুন। বাংলাদেশের আইন ব্যবস্থায় আপনি কীভাবে এডিআর এর অবস্থান নির্ণয় করবেন? দেওয়ানি বিচারব্যবস্থায় শেষ পর্যন্ত মামলা চালিয়ে যাওয়া বা প্রাথমিক অবস্থায় এডিআর এর আশ্রয় নেওয়া, এ দুটির কোনটি কল্যাণময় আলোচনা করুন। ২০
০২. এডিআর এর বিভিন্ন পদ্ধতি বর্ণনা করুন। মধ্যস্থতা ও সালিশির মধ্যে পার্থক্য করুন। এডিআর এর কোন পদ্ধতি বাংলাদেশের জন্য অধিকতর উপযোগী বলে আপনি মনে করেন? ২০

০৩. ১৯০৮ সনের দেওয়ানি কার্যবিধির ৮৯ এ ধারা অনুযায়ী 'মধ্যস্থতা' বলতে কী বোঝায়? ঐ ধারা অনুযায়ী পক্ষদ্বয়ের মামলার বিরোধ সম্পর্কে মধ্যস্থতার ব্যাপারে আদালত কী ভূমিকা পালন করবেন? ২০
০৪. ১৯০৮ সনের দেওয়ানি কার্যবিধির ৮৯ বি ধারা অনুযায়ী আদালত কখন একটি মামলা সালিশের জন্য প্রত্যাহার করার অনুমতি দেবে? সালিশি কার্যধারা অনুষ্ঠিত না হলে কিংবা সালিশি রোয়েদাদ প্রদত্ত না হলে কিংবা রোয়েদাদ এক পক্ষের পছন্দ না হলে পক্ষদ্বয় বা সংক্ষুব্ধ পক্ষ কী করতে পারবেন? বিদ্যমান ৮৯ বি ধারা এডিআর এর ধারণার সাথে সংগতিশীল কিনা, আলোচনা করুন। ২০
০৫. ১৯৮৫ সনের পারিবারিক আদালত অধ্যাদেশের অধীন পারিবারিক বিরোধের আপস-নিষ্পত্তি সংক্রান্ত ধারাগুলো ব্যাখ্যা করুন। ১৯৬১ সনের মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশের অধীন বিবাহ ও তালাক বিষয়ে সালিশি পরিষদের ক্ষমতা, কার্যাবলি ও ভূমিকা আলোচনা করুন। সাম্প্রতিক বছরসমূহে পাইলট প্রকল্পের অধীন পারিবারিক বিরোধসমূহের আপস নিষ্পত্তির ক্ষেত্রে বিভিন্ন জেলায় পারিবারিক আদালতসমূহের অর্জনসমূহ উল্লেখ করুন। ২০
০৬. ২০০৩ সনের অর্থস্বর্ণ আদালত আইনের ২১ ধারা অনুযায়ী মীমাংসা সভা বলতে কী বোঝায়? ঐ ধারা অনুযায়ী আদালত কীভাবে মীমাংসা সভা পরিচালনা করবেন? মীমাংসা সভার মাধ্যমে মামলা বিরোধ নিষ্পত্তির প্রয়াস ব্যর্থ হলে আদালত কী করবেন? ২০
০৭. গ্রাম্য আদালত আইন, ২০০৬ অনুযায়ী গ্রাম আদালতের গঠন, এখতিয়ার ও ক্ষমতা সম্পর্কে আলোচনা করুন। বিরোধের আপস নিষ্পত্তি বিষয়ক মিউনিসিপ্যাল বোর্ড আইন, ২০০৪ এর ধারাগুলো আলোচনা করুন। ২০

অর্থস্বর্ণ আদালত আইন, ২০০৩

১২শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৮

যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দিন

০৬. (ক) অর্থ স্বর্ণ আদালতের বিচারক হিসাবে কে নিয়োগ পেতে পারেন? উক্ত আদালতের এখতিয়ার ও ক্ষমতা আলোচনা করুন। ১৫
- (খ) অর্থ স্বর্ণ আদালতের বিচার কার্যক্রমে The Code of Civil Procedure, 1908 এর বিধানাবলি প্রযোজ্য হতে পারে কি? ব্যাখ্যা করুন। ০৫
০৭. (ক) অর্থ স্বর্ণ আদালত আইন, ২০০৩ অনুযায়ী জারি মামলা দাখিলের সময়সীমা কত? এক্ষেত্রে The Limitation Act, 1908-এর ৫ ধারা প্রযোজ্য হবে কি? ব্যাখ্যা করুন। ০৮
- (খ) অর্থ স্বর্ণ আদালত আইন, ২০০৩ অনুযায়ী ডিক্রির টাকা পরিশোধে বাধ্য করার প্রয়াস হিসাবে দায়িককে দেওয়ানি কারাগারে আটক রাখার বিধানসমূহ কী? উক্তরূপ আটকাদেশ থেকে দায়িক মুক্তি চাইলে তার করণীয় কী? ১২

১১শ বিজেএস লিখিত পরীক্ষা, ২০১৭

০৭. অর্থস্বর্ণ মামলার আরজি ও জবাবের বিষয়বস্তু লিখুন। পণ (lien), বন্ধক (pledge), দায়বদ্ধ স্বর্ণ (hypothecation) এবং বন্ধকী (mortgage) স্বর্ণের ক্ষেত্রে অর্থস্বর্ণ মামলা দায়ের করার পূর্বশর্তসমূহ আলোচনা করুন। ২০
০৮. (ক) অর্থস্বর্ণ আদালত আইন, ২০০৩ এর সংশ্লিষ্ট বিধান উল্লেখপূর্বক বিবাদীর প্রতি সমন জারির বিভিন্ন পদ্ধতিসমূহ আলোচনা করুন। ১২
- (খ) 'A' অর্থস্বর্ণ আদালত হতে 'B' এর বিরুদ্ধে ৫০ লক্ষ টাকার ডিক্রি পেল। 'B' উক্ত ডিক্রি দ্বারা সংক্ষুব্ধ হয়ে আপিল দায়ের করার সিদ্ধান্ত নিল। এক্ষেত্রে তাকে উপযুক্ত আপিল আদালত ও আপিল দায়েরের সময়সীমা সম্পর্কে পরামর্শ দিন। ০৮